দ্বিতীয় সংস্করণ।

182. Qb. 913. 41.

16 JAN. 1914
TRANSLATOR
CALCUTTA
Dated 17-1-14

অগ্রিম বার্ষিক মূল্য ২।৵০ আনা মাত্র। প্রতি সংখ্যা।০ আনা মাত্র।

৪৭নং ওল্ড বালিগঞ্জ, কলিকাতা।

সূচীপত্র।

আনন্দ-সঙ্গীত পত্রিকার ১ম বর্ষ (১৩২০ সনের শ্রাবণ হইতে ১৩২১ সনের আষাঢ় পর্য্যন্ত)।

বিবিধ।

স্বরলিপি।

(হিন্দি গান)

2 SEP. 1914

১ম বর্ষ।] শ্রাবণ, ১৩২০। [১ম সংখ্যা।

দ্বিতীয় সংস্করণ।

182. Qb. 913. 41.

16 JAN. 1914

TRANSLATOR
CALCUTTA
Dated 17-1-14

অগ্রিম বার্ষিক মূল্য ২।৵০ আনা মাত্র। প্রতি সংখ্যা।০ আনা মাত্র।

৪৭নং ওল্ড বালিগঞ্জ, কলিকাতা।

সূচীপত্র।

আনন্দ-সঙ্গীত পত্রিকার ১ম বর্ষ (১৩২০ সনের শ্রাবণ হইতে ১৩২১ সনের আষাঢ় পর্য্যন্ত)।

বিবিধ।

স্বরলিপি।

(হিন্দি গান)

আনন্দ-সঙ্গীত পত্রিকা।

সঙ্গীত বিষয়িণী মাসিক পত্রিকা।

প্রথম বর্ষ। | শ্রাবণ ১৩২০। | প্রথম সংখ্যা।

প্রস্তাবনা।

আমাদের দেশ হইতে বিশুদ্ধ আর্য্য সঙ্গীতের চর্চ্চা ক্রমশঃ লোপ পাইতে বসিয়াছে। যদিও সঙ্গীতের উন্নতি কল্পে দুই একটি সভা সমিতি প্রতিষ্ঠিত হইয়াছে কিন্তু সে গুলির দ্বারা সঙ্গীতের শিক্ষার জন্য বিশেষ ভাবে কোনও উদ্যোগ হয় নাই। আমরা দেশ হইতে সেই অভাব মোচন করিবার জন্য "সঙ্গীত সংজ্ঘ" নামে একটি সঙ্গীত শিক্ষাগার স্থাপন করিয়াছি। যাহাতে সঙ্গীতে ও যন্ত্রাদি বাদনে বালক বালিকাগণকে যথারীতি বৈজ্ঞানিক প্রণালীতে শিক্ষা দেওয়া হয়, ভারতের বিভিন্ন প্রদেশের গুণী সঙ্গীতজ্ঞদিগের একত্র সমাবেশ করিয়া আর্য্যসঙ্গীতের শিক্ষা-প্রণালী যাহাতে যথা শাস্ত্র সম্পন্ন হয় তাহার জন্য এই বিদ্যালয় স্থাপিত হইয়াছে। আমাদের সঙ্গীতের অনেক তত্ত্ব ও অনেক যন্ত্রাদি লোপ পাইয়াছে, তাহার পুনরুদ্ধারের জন্য চেষ্টা করা হইতেছে। এমন সময়-কাল পড়িতেছে যে মনে হয় বুঝি বা অর্দ্ধশতাব্দী মধ্যে আর্য্য সঙ্গীত ও আর্য্য যন্ত্রাদি লোপ পাইবে ও তাহার আসন বিদেশী সঙ্গীত ও বাদ্যযন্ত্রাদি অধিকার করিয়া বসিবে। বালক বালিকাগণই আমাদের ভবিষ্যতে আশার স্থল। যাহাতে সঙ্গীত বিদ্যায় সুশিক্ষিত হইয়া দেশ বিদেশে উহার পথ প্রসারিত করিতে পারে সেই উদ্দেশ্যে এই সংজ্ঘ স্থাপিত হইয়াছে। এই কার্য্যে সকল গুণী, গায়ক ও যন্ত্রবাদকগণের একযোগ আবশ্যক। যাঁহারা গান বাজনার সমাদর করেন বা যাঁহাদের গান বাজনায় রুচি বা আসক্তি আছে তাঁহারাও সকলেই ইহার সভ্যশ্রেণীভুক্ত হইতে পারেন। সময়ে সময়ে ইহার অধিবেশনে সঙ্গীত বিদ্যায় পারদর্শী ভাল ভাল গুণী গায়ক ও যন্ত্র বাদকগণের সমাগম হয়। সেই শুভ অবসরে শিক্ষাপ্রাপ্ত বালক বালিকাদিগের Concert (ঐক্যবাদন) ও গীতি বাদ্যের নৈপুণ্য প্রদর্শিত হয়। যখন সুশিক্ষিত শত শত বালক বালিকাগণের কণ্ঠে ধ্রুপদ, খেয়াল প্রভৃতি সুমিষ্ট সঙ্গীত কিম্বা যখন বালক বালিকাগণের কোমল অঙ্গুলিস্পর্শে সরস্বতীর বীণার ন্যায় বীণা তন্ত্রীতে নানা স্বর সংযোগে মধুর ঝঙ্কার শুনিতে পাওয়া যাইবে তখন আমাদের উদ্যোগের ফল বুঝিতে পারিব। ভগবান আমাদের এই শুভ সংকল্প পূর্ণ করুণ এই প্রার্থনা।

সহজে গান শিক্ষা হইবার অভিপ্রায়ে একটি সঙ্গীত-পত্রিকা বাহির করিবার ইচ্ছা করিয়াছি। ইহার নাম "আনন্দ সঙ্গীত পত্রিকা" রাখা হইল। এই পত্রিকা বাহির করিবার মুখ্য উদ্দেশ্য এই স্বরলিপি শিক্ষা করিয়া গান-গুলিকে সহজে নিজের আয়ত্তে আনা। এখন অনেকে নানা প্রণালীতে নিজের সুবিধামত স্বরলিপি বাহির করিয়া গানগুলি লিপিবদ্ধ করিতেছেন। আমাদের দেশের গানগুলি কত রকমে লোপ হইয়া যাইবার উপক্রম হইতেছিল, তাহার রক্ষার নিমিত্ত এবং যাহাতে এগুলি স্থায়ী হয় তদ্বিষয়ে সকলে চেষ্টা করিতেছেন ইহা খুব সুখের বিষয়। খালি তো গানের শব্দ প্রয়োগে গান গাইতে পারা যায় না। সুর তাল লয়ে শব্দগুলি যুক্ত

হইয়া কণ্ঠস্বরে বাহির হওয়া চাই। একটি কথা আমি বলিতে চাই। নানা প্রণালীতে সঙ্গীত লিপি বদ্ধ করিবার উপায় বাহির না করিয়া সহজ সাঙ্কেতিক চিহ্নের দ্বারা সহজে লোকের যাহাতে বোধগম্য হয় এমন উপায় এবং যেটি বহু বৎসর হইতে প্রচলিত হইয়া আসিতেছে সেই পদ্ধতি আমাদের মতে অবলম্বন করা উচিত। "সঙ্গীত-প্রকাশিকা" নামে একটি সঙ্গীত পত্রিকা অনেক বৎসর হইতে প্রকাশিত হইতেছিল, তাহাতে নানা দেশের গান আমরা পূজ্যপাদ শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের উদ্ভাবিত আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতি অনুসারে এতদিন লিপিবদ্ধ হইয়া চলিয়াছিল। শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর মহাশয় কর্ম্মজীবন হইতে অবসর গ্রহণ করিয়া রাঁচি বাস করায় এবং আরও অন্যান্য কারণে ইহা রাখিতে হইয়াছে। বড় দুঃখের বিষয় যে এত বড় কাজের জন্য কেহ সমানুভূতি দেখান নাই, কত উদার স্বভাবাপন্ন মহানুভব কত ঐশ্বর্য্যশালী মহাত্মারা আছেন তাঁহারা অনায়াসে অর্থের সাহায্য করিয়া এটি রক্ষা করিতে পারিতেন। তাঁহাদের কত সময়ে কত কাজে বৃথা অর্থব্যয় হয়। এইরূপ একটি কাগজের আজ কাল যে কত দরকার হইয়াছে ইহা অবশ্য সকলের পক্ষে হৃদয়ঙ্গম করা কঠিন। এই জন্য ইহা সর্ব্ব সাধারণের নিকট এত আদরের বস্তু হয় নাই। যাঁহারা সঙ্গীতজ্ঞ, যাঁহারা সঙ্গীতপ্রিয়, তাঁহাদের কাছে আমাদের এই নিবেদন, নিজেরা অনুগ্রহপূর্ব্বক গ্রাহক হইয়া এবং অনেক গ্রাহক করাইয়া ইহার সাহায্য করিবার চেষ্টা করিবেন। ইহা লিখিয়াই যেন ইহার শেষ না হয় এবং বৃথা বাক্যব্যয় না হয় এই আমাদের ঈশ্বরের কাছে প্রার্থনা এবং সকলের কাছে আমাদের অনুনয়। আমি এবং শ্রীমতী ইন্দিরা দেবী এই পত্রিকার সম্পাদিকার ভার লইয়া যদি কিছু করিতে পারি সে চেষ্টা করিতে উদ্যত হইয়াছি। সকলে অনুগ্রহ করিয়া ইহা চেষ্টা করিয়া শিক্ষা করিয়া দেখিবেন কত সহজ উপায়ে এই স্বরলিপি পদ্ধতি অনুসারে গান শিক্ষা করা যায়। সঙ্গীতসংঙ্ঘে যত গান হিন্দুস্থানী এবং ব্রহ্মসঙ্গীত ইত্যাদি ছাত্র ও ছাত্রীদিগকে শিক্ষা দেওয়া হইবে তাহা এই পত্রিকাতে প্রকাশিত হইবে। এবং অন্যান্য সঙ্গীতও প্রকাশিত হইবে। শুনিয়া সকলে সুখী হইবেন যে অনেক শিক্ষক এবং জনসাধারণ হইতে গান প্রকাশ করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছেন। তাহা হইলে এই পত্রিকা পরিপুষ্ট হইবার অনেক উপায় হইবে আশা হয়।

সঙ্গীত যে কাহাকে বলে তাহার উপক্রমণিকা খুব সংক্ষেপে বলিয়া সহজে গান শিক্ষার স্বরলিপিপ্রণালী এই পত্রিকাতে দেখাইয়া দেওয়া যাইবে। সঙ্গীত কাহাকে বলে তাহা বোধ করি বেশী করিয়া বলিতে হইবে না। আমার বোধ হয় গান মানুষের স্বাভাবিক। মানুষের হাসিকান্নার সুর আছে। সুখের সময় দুঃখের সময় মানুষের গলার সুরের বদল হয়। নানা ভাবের নানা সুর আছে। তাহা এমনি স্বাভাবিক যে সেই সুর শুনিলে আমরা মানবের মনের ভাব বুঝিতে পারি। কেহ আনন্দসূচক ভাবে কথা বলিলে কি আহ্বান করিলে তাহার মনে যে খুব আনন্দ হইয়াছে এই সুরধ্বনিতে প্রকাশ পায়। কোন ভিক্ষুক যদি মিনতির সুরে আমাদের কাছে ভিক্ষা চায়, তবে আমরা তার মনের কাতরতা বুঝিতে পারি ও আমাদের মনে দুঃখের উদ্রেক হয়। এইরূপ আমাদের ভাবের সঙ্গে একটি না একটি সুর লাগিয়া থাকে, সেই সুখের চর্চ্চা করিয়াই বোধ করি গানের উৎপত্তি ও উন্নতি হইয়াছে। তালে লয়ে যুক্ত সুরকে সঙ্গীত কহে। স্বর সকলেরই আছে। সুরও যেমন তেমন ভাবে সকলের কণ্ঠ হইতে বাহির হয়। কিন্তু সেই সুরকে তালে লয়ে মাত্রায় যুক্ত করিয়া ছন্দযুক্ত করিয়া সুর বাহির করিলে কত ভাল শোনা যায়। সঙ্গীত সকল-কলাবিদ্যার আদি বলিতে হইবে। যখন মানুষের কোনও ভাষার স্থিরতা ছিল না তখন স্বরের এমন ভাব সুরে প্রকাশ করিত যে সুরের শব্দে বুঝিতে পারা যাইত যে মনের ভাব এইটি বাহির হইতেছে। কিন্তু বিনা তাল লয়ে যুক্ত হইয়া সুরটি উচ্চারিত হইয়া বাহির হইলে মাধুর্য্য থাকে না, সঙ্গীত বলা যায় না। সকল শিল্পের পূর্ব্বে সঙ্গীতের উৎপত্তি দেখা যায়। মানুষের সুখ দুঃখ সব ভাবই সঙ্গীতে প্রকাশ করা যায়। ভাল সঙ্গীত শুনিলে কাহার না মন মুগ্ধ হয়? যে খুব নিষ্ঠুর পাপী তাহারও মনকে সঙ্গীতের দ্বারা আকর্ষণ করে। ভক্তিসুর শ্রবণে কত লোককে

ভগবৎবৎসল হইয়া পড়িতে দেখা গিয়াছে। আমাদের দেশে এককালে সঙ্গীতের কত উন্নতি হইয়াছিল কিন্তু এখন এতদূর অবনতিতে দাঁড়াইয়াছে যে ইহার চর্চ্চায় ভদ্র জনগণ যেন মহৎ দোষের অধিকারী হন, এবং স্ত্রীলোকদিগের মধ্যে গানশিক্ষা একটি মহৎ দোষ মনে করিয়া থাকেন, এটী যেন নাম করিবার যো নাই—তাহা হইলে দুশ্চরিত্রা স্ত্রীলোক-দিগের মধ্যে তাহার নাম পড়িয়া যায়। অনেক লেখক অনেক পুস্তক সংস্কৃত সঙ্গীতশাস্ত্র অবলম্বন পূর্ব্বক অনুবাদ কিম্বা ভাবার্থ লইয়া সঙ্গীতের বাঙ্গলা তথ্য আবিষ্কার করিয়াছেন, ইচ্ছা করিলে সঙ্গীতবিষয়ক অনেক সারকথা তাঁহাদের পুস্তকে জানিতে পারিবেন। আপাততঃ আমরা যে পত্রিকা বাহির করিতেছি ভাল করিয়া ইহা দ্বারা গান গাহিতে শিখিলে অনেক কাজ দেখিবে। গান গাহিয়া পরকে সুখী করা ও নিজে সুখ পাওয়া ইহা অপেক্ষা আনন্দ আর কি হইতে পারে? আমাদের পাঠক পাঠিকাদিগের মধ্যে অনেকেরই ভাল গলা (কণ্ঠস্বর) আছে, অনেকের ভাল করিয়া গান গাহিবার ক্ষমতা আছে, এবং গাহিয়া থাকেন। তাঁহাদের ভাল গানের পুঁজি যাহাতে আরো বাড়ে আমাদের এই ইচ্ছা। এই জন্য লিখিয়া সহজে গান শিখিবার একটি উপায় অবলম্বন করা গিয়াছে। যে প্রণালীতে যে স্বরলিপি-পদ্ধতি অনুসারে সঙ্গীত-প্রকাশিকা এতদিন প্রকাশিত হইয়াছিল আমরা গান ও সেতারের গতের সুর লিখিয়া পাঠক-দিগের শিক্ষার জন্য সেই প্রণালীতে স্বরলিপি প্রকাশ করিব। ইহার প্রথম সূত্রপাতে জ্যেষ্ঠতাত মহাশয় দ্বিজেন্দ্রনাথ ঠাকুর তত্ত্ববোধিনীতে বাহির করিয়াছিলেন ইহা প্রায় ৩০ বৎসরের কথা। ইহার সহজ সঙ্কেত একবার শিখিয়া লইলে গান শিক্ষা অনেক সহজ বোধ হইবে।

সঙ্গীত সম্বন্ধে কোন প্রবন্ধ কিম্বা কোনও গানের স্বরলিপি যদি কেহ কখনও এই পত্রিকাতে প্রকাশ করিতে ইচ্ছা করেন তবে তাহা সম্পাদিকার নিকট পাঠাইলে সাদরে গৃহীত হইবে।

—— * ——

আকারমাত্রিক স্বরলিপি-পদ্ধতি
ও
তাহার চিহ্নের সংক্ষিপ্ত ব্যাখ্যা।

১। স, র, গ, ম, প, ধ, ন,—এই সাতটী স্বর, এবং এই সাতটী স্বর লইয়াই এক একটী সপ্তক। এতদ্দেশীয় সঙ্গীতে তিন সপ্তকের অধিক বড় একটা ব্যবহার হয় না; তজ্জন্য এস্থলে ঐ তিন সপ্তকের কথাই বলা যাইতেছে। উক্ত তিন সপ্তকের নাম উদারা, মুদারা, তারা,—অর্থাৎ নিম্ন, মধ্য এবং উচ্চ সপ্তক।

নিম্ন সপ্তকের স্বরের নীচে হসন্ত-চিহ্ন থাকে; যথাঃ—স্, র্, গ্, ম্, প্, ধ্, ন্,; উচ্চ সপ্তকের স্বরের মাথায় রেফ-চিহ্ন থাকে; যথাঃ—র্স, র্র, র্গ, র্ম, র্প, র্ধ, র্ন; এবং মধ্য সপ্তকের স্বরে কোন চিহ্নই থাকে না। যথাঃ—**স, র, গ, ম, প, ধ, ন।**

২। উপরোক্ত সাতটী স্বরের মধ্যে আবার কোন কোন স্বরের কোমল ও কড়ি প্রভৃতি কয়েকটী বিকৃত স্বর আছে, এবং ঐ বিকৃত স্বরগুলির জন্য নিম্নলিখিত স্বতন্ত্র অক্ষর নির্দ্দিষ্ট হইল।

ঋ=কোমল র; জ্ঞ=কোমল গ; হ্ম=কড়ি ম; দ=কোমল ধ; ণ=কোমল ন।

৩। স্বর উচ্চারণের সমান কাল-পরিমাণকে মাত্রা বলে। এই মাত্রার গতি সম্বন্ধে বিশেষ কোন নিয়ম করা যাইতে পারে না। কারণ গানবিশেষে মাত্রার গতি দ্রুত, মধ্য, কিম্বা বিলম্বিত হইয়া থাকে। এরূপ স্থলে গায়ক যে গানটী গাহিবেন, তাহা যেরূপ গতিতে গাহিলে শুনিতে সুমিষ্ট হয়, তদনুসারে সেই গানের মাত্রার গতি স্থির করিয়া লওয়াই সর্ব্বতোভাবে বিধেয়। তবে মাত্রার কাল-পরিমাণ সম্বন্ধে এস্থলে আর একটা সহজ উপায় বলা যাইতেছে, যাহা এই পত্রিকায় সন্নিবেশিত অধিকাংশ গানের স্বরলিপিতেই খাটিবে; অর্থাৎ এক, দুই, তিন, চার,

এই কয়টী সংখ্যা উচ্চারণ করিতে যতটুকু সময় লাগে, সেই সময়টুকু অন্তর এক একটী করতালি দিয়া মাত্রার গতি স্থির করিয়া লওয়াই সহজ উপায়। ইহাকেই মাত্রার মধ্য গতি বলা যায়।

৪। মাত্রার চিহ্ন=া আকার, যথা সা, একমাত্রা; সা-া; দুই মাত্রা; সা -া -া তিন মাত্রা; ইত্যাদি। দুইটি স্বর এক মাত্রার মধ্যে উচ্চারিত হইলে, দুইটী স্বরাক্ষর যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে, যথা সরা, গমা, ইত্যাদি; এরূপ স্থলে প্রতি স্বরটী অর্দ্ধ মাত্রা। তিনটী স্বর একমাত্রার মধ্যে উচ্চারিত হইলে, তিনটী স্বরাক্ষর যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে, যথা সরগা; এই স্থলে প্রত্যেক স্বর এক তৃতীয়াংশ মাত্রা। চারটী স্বর একমাত্রার মধ্যে উচ্চারিত হইলে, চারিটি স্বরাক্ষর যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে, যথা সরগমা; এই স্থলে প্রত্যেক স্বরটী সিকি মাত্রা। এইরূপ একমাত্রার মধ্যে যতগুলি স্বরই উচ্চারিত হউক না কেন, তাহাদের স্বরাক্ষরগুলি যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে, যথা সরগমপা, সরগমপধনা, ইত্যাদি; এরূপ স্থলে প্রত্যেক স্বর সমান অংশে বিভক্ত, ইহাই বুঝিতে হইবে।

৫। অর্দ্ধ মাত্রার বিশেষ চিহ্ন=ঃ; যথা সঃ রঃ ইত্যাদি। কিন্তু সাঃ=দেড়মাত্রা, অর্থাৎ আকার একমাত্রা এবং বিসর্গ অর্দ্ধমাত্রা,—উভয়ে মিলিয়া দেড় মাত্রা। সাঃ রঃ=দুই মাত্রা। অর্থাৎ সাঃ=দেড়মাত্রা, এবং রঃ=অর্দ্ধমাত্রা, উভয়ে মিলিয়া দুই মাত্রা।

৬। যখন কোন আনুষঙ্গিক স্বর কোন প্রধান স্বরকে ঈষৎ স্পর্শ করিয়া যায়, তখন সেই আনুষঙ্গিক স্বর প্রধান স্বরের গায়ে (উহার দক্ষিণে অথবা বামে) ক্ষুদ্র অক্ষরে এইরূপে লিখিতে হয়; যথা সরা সার ইত্যাদি। এইরূপ ক্ষুদ্র অক্ষরে লিখিত স্বরকে স্পর্শ-স্বর বলা হয়।

৭। কতকগুলি মাত্রার সমষ্টির নাম তাল। এই তাল নানাবিধ; যথা কাওয়ালী, একতালা, আড়াঠেকা, যৎ, চৌতাল, সুরফাঁক্তা, তেওরা, ধামার ইত্যাদি। এই সকল তালের আবার ভিন্ন ভিন্ন বিভাগ আছে, এবং ইহাদের মধ্যে কতকগুলি তাল সম-পদী ও কতকগুলি বিষম-পদী। যে সকল তাল সমভাগে বিভক্ত তাহারা সম-পদী, যথা, কাওয়ালী, একতালা, চৌতাল, ইত্যাদি; এবং যে সকল তালের ভাগ সমান নহে তাহারা বিষম-পদী, যথা,—যৎ, সুরফাঁক্তা, ধামার ইত্যাদি। তালসমূহ ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত হইয়া ১, ২, ৩, ৪, ০ ইত্যাদি সংখ্যা দ্বারা চিহ্নিত হইয়া থাকে। আবার প্রত্যেক তালেই একটী করিয়া সম এবং এক, দুই, কিম্বা ততোধিক ফাঁক আছে। "০" চিহ্নিত তালগুলি "ফাঁক", এবং যে সংখ্যার শিরোদেশে রেফ্ চিহ্ন থাকে তাহাই "সম্"। "সম্" এর অর্থ এই যে, প্রত্যেক তাল-বিভাগেই এমন একটি স্থান আছে যেখানে বিশেষ একটা ঝোঁক্ পড়ে। যে স্থানে ঐ ঝোঁক্‌টী পড়ে সেই স্থানটিকেই "সম্" কহে।

৮। প্রতি তাল-বিভাগের পর এইরূপ "।" ছেদ চিহ্ন বসে; এবং তালের এক আওর্দ্দা অথবা ফেরা পূর্ণ হইলে "I" স্তম্ভ চিহ্ন বসে।

৯। আস্থায়ীর আরম্ভে, যেথান হইতে রীতিমত তাল সুরু হয় সেইখানে, ও প্রত্যেক কলির শেষে এইরূপ II যুগল স্তম্ভ চিহ্ন বসে, এবং যেখানে গানটা এককালীন শেষ হয়, সেখানে এইরূপ II II দুই যোড়া স্তম্ভ চিহ্ন বসে।

আস্থায়ীর আরম্ভে এইরূপ যুগল স্তম্ভ চিহ্নের বাহিরে গানের যে অংশটুকু লিখিত হয়, তাহা কেবল গানটা ধরিবার সময় একবার মাত্র গাহিতে হয়, উহা আর দ্বিতীয়বার গাহিতে হয় না। কারণ প্রত্যেক কলির শেষে ঐ অংশটুকু এইরূপ " " কোটেশন—চিহ্নের মধ্যে পুনঃ পুনঃ লিখিত হইয়া থাকে।

১০। { } = পুনরাবৃত্তির চিহ্ন; যথা {সা রা গা মা} অর্থাৎ এই অংশ দুইবার আবৃত্তি করিতে হইবে।

১১। ( )=পুনরাবৃত্তি-কালে লঙ্ঘনের চিহ্ন; যথাঃ—{ সা রা (গা মা) } পা ধা। অর্থাৎ সা রা গা মা এই অংশ দ্বিতীয় বার আবৃত্তি করিবার সময় (গা মা) এই অংশ লঙ্ঘন করিয়া একেবারে "পা ধা" এই অংশ ধরিতে হইবে।

১২। পুনরাবৃত্তি-কালে যে স্থলে স্বরের পরিবর্ত্তন ঘটে, সেই স্থলে পরিবর্ত্তিত স্বর পূর্ব্ব স্বরের মাথার উপর এইরূপ

[রা গা মা]

[ ] ব্র্যাকেটের মধ্যে স্থাপিত হয়, যথাঃ—সা রা গা।

কোন একটী কলি শেষ করিয়া আস্থায়ীতে ফিরিয়া যাইবার সময় যখন আস্থায়ীর কোন কোন স্বরের পরিবর্ত্তন হয়, তখনও পরিবর্ত্তিত স্বর পূর্ব্বোক্তরূপে এইরূপ [ ] ব্র্যাকেটের মধ্যে লিখিত হয়, এবং কলির শেষে যে এইরূপ II স্তম্ভ চিহ্ন থাকে, উহার মধ্যেও ঐরূপ ব্র্যাকেট-চিহ্ন বসে; যথাঃ—I [ ] I ইহাতে এই বুঝায় যে আস্থায়ীতে গিয়াই কোন পরিবর্ত্তিত স্বর গাহিতে হইবে।

১৩। সাধারণতঃ যুক্তস্বরগুলি গড়ানে ভাবেই উচ্চারিত হয়; যদি কোন স্থলে উহার প্রত্যেক স্বর পৃথক-ঝোঁকে উচ্চারণ করিতে হয়, তাহা হইলে ঐ সকল স্বরের শিরোদেশে বিন্দু চিহ্ন দেওয়া হইয়া থাকে। যথাঃ—সরগমা। কোন এক স্বর যখন আর এক স্বরে বিশেষরূপে গড়াইয়া যায়, তখন স্বরের নীচে এইরূপ ‿ চিহ্ন, যথা,—গা পা,—ইহাকে মিড় বলে।

১৪। স্বরবর্ণ অবলম্বনে স্বরের টান চলে, তাহাকে "আশ" বলে। আশের চিহ্ন=স্বরাক্ষরগুলির মধ্যে ছোট ছোট কসি অর্থাৎ হাইফেন্। যখন স্বরের নীচে অক্ষর না থাকে তখন স্বরগুলির মধ্যে হাইফেন্-চিহ্ন বসে, এবং গানের পংক্তিতে শূন্য (০) চিহ্ন দেওয়া হয়; যথাঃ—সা -া -া -া অথবা সা -রা -গা -মা ইত্যাদি।

তু ০ ০ ০　　তু • • •

১৫। স্বরের ক্ষণিক নিস্তব্ধতার নাম বিরাম। বিরামের চিহ্ন হাইফেন্ - বর্জ্জিত আকার, যথা—। । ।। যে স্থলে হাইফেন্ - বর্জ্জিত এইরূপ "।" মাত্রা চিহ্ন যতগুলি থাকিবে সেই স্থলে সেই কয়মাত্রা থামিয়া আবার তাহার পরবর্ত্তী স্বর অনুসারে গাহিতে হইবে। এরূপ স্থলে স্বরের বিরাম হয়, কিন্তু মাত্রার গতির বিরাম হয় না।

১৬। আস্থায়ীর যে পর্য্যন্ত গাহিয়া অপর কোন কলি আরম্ভ করিতে হয়, সেই স্থলের শিরোদেশে এইরূপ "॥" যুগল দাঁড়ি চিহ্ন দেওয়া হয়। যথা—সা রা গা মা। এস্থলে ইহাও বলা আবশ্যক যে যখন কোন একটা গান শেষ করিয়া এককালীন থামিতে হইবে তখনও প্রায় অধিকাংশ গানেই ঐ যুগল দাঁড়ি-চিহ্ন-স্থলেই থামিতে হয়।

১৭। একই রকম স্বরের দুই কিম্বা ততোধিক কলি থাকিলে কেবলমাত্র প্রথম কলিতে স্বর, তাল, মাত্রা ইত্যাদি বসাইয়া অপর কলিগুলি তাহার নিম্নে যথাক্রমে লিখিত হইয়া থাকে। এবং উহাতে (১) (২) (৩) ইত্যাদি এইরূপ চিহ্ন দেওয়া হয়।

১৮। অন্তরা গাহিবার পর যেরূপ আস্থায়ীতে ফিরিয়া যাইতে হয়, সঞ্চারী গাহিবার পরে আর সেইরূপ আস্থায়ীতে ফিরিয়া যাইতে হয় না; সঞ্চারীর পরে আভোগ গাহিয়া শেষে আস্থায়ীতে ফিরিয়া যাইতে হয়। এজন্য সঞ্চারীর শেষে আর কোন পৃথক চিহ্ন না দিয়া একেবারেই আভোগের শেষে এইরূপ II II দুই যোড়া স্তম্ভ চিহ্ন দেওয়া হয়।

১৮। ছন্দোঘটিত যে কোন শ্লোক অথবা কবিতা হউক না কেন, সকলেরই যেমন চারিটা করিয়া চরণ থাকে, তেমনি গানেরও প্রায় চারিটা করিয়া চরণ অথবা কলি থাকে। প্রথমে যে কলিটি থাকে তাহার নাম আস্থায়ী, দ্বিতীয় কলির নাম অন্তরা, তৃতীয় কলির নাম সঞ্চারী এবং চতুর্থ কলির নাম আভোগ। কোন কোন গানে কেবলমাত্র আস্থায়ী

বেদগান।

রাগিণী—মিশ্র ভৈরবী—তাল ফের্‌তা। একতালা ও ঝাঁপতাল।

শৃণ্বন্তু বিশ্বেঽমৃতস্য পুত্রাআ যে ধামাণি দিব্যানি তস্থুঃ।
বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ।
তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ ॥১

শোন শোন সুরলোকবাসী অমৃতের যে আছ সন্তান,
জানিয়াছি সেই অবিনাশী জ্যোতির্ম্ময় পুরুষ মহান্।
তপন বরণ তিনি, আঁধারের পারে যিনি,
তাঁহারে জানিয়া জীব মরণ এড়ায়,
নিস্তার লাভের আর নাহিরে উপায় ॥ ১ ॥

এতজ্‌জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থং নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ ॥
সংপ্রাপ্যৈনমৃষয়োজ্ঞানতৃপ্তাঃ কৃতাত্মানোবীতরাগাঃ প্রশান্তাঃ।
তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ ২ ॥

নিত্য যিনি রয়েছেন আপনাতে করি ভর, জান তাঁরে জানিবার কি আছে তাঁহার পর।
যাঁহারে পাইয়া জ্ঞানপরিতৃপ্ত ঋষিগণ, কৃতার্থ বিগতরাগ নির্লিপ্ত প্রশান্তমন।
তাঁহারে জানিয়া জীব মরণ এড়ায়, নিস্তার লাভের আর নাহিরে উপায় ॥ ২ ॥

যশ্চায়মস্মিন্নাকাশে তেজোময়োঽমৃতময়ঃ পুরুষঃ সর্ব্বানুভূঃ ॥
যশ্চায়মস্মিন্নাত্মনি তেজোময়োঽমৃতময়ঃ পুরুষঃ সর্ব্বানুভূঃ ॥
তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ ৩ ॥

তেজোময় পুরুষ অমৃতময় সর্ব্বজ্ঞ মহান, আকাশে আত্মায় যিনি সমভাবে সদা বিদ্যমান।
তাঁহারে জানিয়া জীব মরণ এড়ায়, নিস্তার লাভের আর নাহিরে উপায় ॥ ৩ ॥

একতালা। স্বরলিপি—শ্রীমতী ইন্দিরা দেবী।

২´ ৩ ০ ১
II সা র্সাঃ র্সা। র্সা র্সা -া। র্সর্সা র্সাঃ র্সঃ। র্সা র্সা -া I
শৃ ণ্ব ন্তু বি শ্বে ০ ঽমৃ ত স্য পু ত্রা ০

২´ ৩ ০ ১
I ঋ্ণা -া ঋ্ণা। ঋ্ণা ঋ্ণাঃ ঋ্ণঃ। ঋ্ণা ঋ্ণর্সঋ্ণাঃ জ্ঞঋ্ণা। ঋ্ণা র্সা া I
আ ০ যে ধা মা ণি দি ব্যা০০ নি ০ ত স্থুঃ ০

২´ ৩ ০ ১
I র্সা জ্ঞাঃ জ্ঞ। জ্ঞা জ্ঞা -া। র্জ্ঞা র্মাঃ র্মঃ। র্মা জ্ঞাঃ -ঋ্ণঃ I

২´ ৩ ০ ১

I র্ঋা র্ঋাঃ র্ঋঃ। র্ঋা র্ঋা -া। র্সর্ঋা র্জ্ঞাঃ র্ঋঃ। র্ঋা র্সা -া I

আ দি ত্য ব র্ণং ০ তম সঃ প র স্তাৎ ০

২´ ৩ ০ ১

I র্সর্মা -াঃ র্জ্ঞঃ। র্জ্ঞর্জ্ঞা -া র্ঋা। -র্ঋর্সা ণাঃ দঃ। ণর্সর্ঋা র্সা -া I

তমে ০ ব বিদি ০ ত্বা ০তি মৃ ত্যু মে০ ০ তি ০

২´ ৩ ০ ১

I র্ঋা -া র্ঋা। র্ঋা র্ঋা -া র্ঋর্মা র্জ্ঞাঃ র্ঋঃ। র্ঋা র্সা -া I

না ০ ন্যঃ প স্থা ০ বিদ্য তেহ য় না য় ০

২´ ৩ ০ ১

I র্সাঃ -র্ঋঃ র্জ্ঞা। র্জ্ঞা র্মা -া। র্মর্মা র্মাঃ র্জ্ঞঃ। র্জ্ঞা র্ঋা -া I

না ০ ন্যঃ প স্থা ০ বিদ্য তেহ য় না য় ০

২´ ৩ ০ ১

I র্ঋা -া র্ঋা। র্ঋা র্ঋা -া। র্সর্সা র্সাঃ ণঃ। ণা দা -া II ॥১॥

না ০ ন্যঃ প স্থা ০ বিদ্য তেহ য় না য় ০

ঝাঁপতাল।

১´ ২ ০ ৩ ১ ২

II র্সা ণা। র্ঋা -া র্সা। র্সা ণা। দা -া পা I দা -া। ণা -া -া।

শো ন শো ০ ন সু র লো ০ ক বা ০ সী ০ ০

০ ৩ ১ ২ ০ ৩

। পা দা। ণা -া র্সা I র্সা র্সা। ণর্সা -র্ঋর্জ্ঞা র্ঋা। র্সা -া। -া -া -া I

অ মৃ তে ০ র যে আ ছ০ ০০ স স্তা ০ ০ ০ ন্

১ ২ ০ ৩ ১ ২

I র্সা র্সা। র্জ্ঞা -া র্জ্ঞা। র্জ্ঞা -া। র্রা -া র্জ্ঞা I র্মা -া। র্জ্ঞ -া -র্ঋা।

জা নি য়া ০ ছি সেই ০ অ ০ বি না ০ শী ০ ০

০ ৩ ১´ ২ ০ ৩

। র্ঋা র্ঋা। র্ঋা -া র্ঋা I র্ঋা র্ঋা। র্সা র্ঋা ণা। র্সা -া। -া -া -া I

জ্যো তি র্ম ০ য় পু রু ষ ০ ম হা ০ ০ ০ ন্

১´ ২ ০ ৩ ১´ ২
I ঋাঁ র্সা। ণা -া দা। পা পা। জ্ঞা -া জ্ঞা I রা জ্ঞা। পা -া পা।
ত প ন ॰ ব র্ ণ তি ॰ নি আঁ ধা রে ॰ র

(ধুয়া)
০ ৩ ১´ ২ ০ ৩
। দা দা। দা -া দা I পা দা। র্সা -া র্সা। র্সা র্সা। র্সা -া র্সা I
পা রে যি ॰ নি তাঁ হা রে ॰ জা নি য়া জী ॰ ব

১ ২ ০ ৩ ১ ২
I ঋাঁ ঋাঁ। ঋাঁ -া ণা। র্সা -া। -া -া -া I র্সা র্সা। র্জ্ঞা -া র্রা।
ম র ণ ॰ এ ড়া ॰ ॰ ॰ য় নি স্তা র ॰ লা

০ ৩ ১´ ২ ০ ৩
। র্জ্ঞা র্রা। মর্জ্ঞর্রা -র্জ্ঞা -া I দা দা। ণর্সা -ঋাঁর্জ্ঞা ঋাঁ। র্সা -া। -া -া -া I
ভে র আর ॰ ॰ না হি রে॰ ॰ ॰ উ পা য় ॰ ॰ ॰

একতালা।

২ ৩ ০ ১
II র্সা ণা ঋাঁ। র্সা র্সাঃ ণঃ। দা পাঃ দাঃ। ণা ণা -া I
এ তজ্ জ্ঞে য়ং নি ত্য মে বা ত্ম সং স্থং ॰

২ ৩ ০ ১
I পা দাঃ ণঃ। র্সা ণর্সঋাঁঃ ঋাঁঃ। ঋাঁ সর্ঋাঁর্জ্ঞাঃ ঋাঁঃ। ঋাঁঃ র্সা -া I
না তঃ প রং বে॰॰ দি ত ব্যং ॰ হি কি ঞ্চিৎ ॰

২´ ৩ ০ ১
I র্স র্জ্ঞা র্জ্ঞা। -র্জ্ঞর্জ্ঞা র্জ্ঞর্জ্ঞা র্জ্ঞা। -া র্রাঃ র্জ্ঞঃ। র্মা র্জ্ঞা -ঋাঁ I
স॰ প্রা প্যো ॰ ন মৃ ষ য়ো ॰ জ্ঞা ন তৃ প্তাঃ ॰

২´ ৩ ০ ১
I -ঋাঁঋাঁ ঋাঁ ঋাঁ। ঋাঁ ঋাঁঃ ঋাঁঃ। ঋাঁ র্সা ণঃ। ঋাঁ র্সা -া I
॰ ক্ত তা ত্মা নো বী ত রা গাঃ প্র শা ন্তাঃ ॰

ঝাঁপতাল

(ধুয়া) তমেব বিদিত্বাতি ... ... নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ ২ ॥

১´ ২ ০ ৩ ১´ ২
II দা দা। দা -পা দা। ণা ণা। ণা -া ণা I পা দা। ণা -া র্সা।

০ ৩ ১´ ২ ০ ৩
। ণর্জ্ঞা র্ঋা । র্সা -া -া I র্সা র্সা । র্জ্ঞা -া র্জ্ঞা । র্রা র্জ্ঞা । র্মা -া র্জ্ঞা I
ক ০ রি ভ ০ র জা ম তাঁ ০ রে জা নি বা ০ র

১ ২ ০ ৩ ১´ ২
I দা দা । ণা -া র্সা । র্সর্ঋা ণা । র্সা -া া- I র্ঋা র্সা । ণা -া র্সা ।
কি আ ছে ০ তাঁ হা০ র পর ০ ০ যাঁ হা রে ০ পা

০ ৩ ১´ ২ ০ ৩
। ণা দা । পা -া পা I পা পা । দা -া মা । জ্ঞা রা । জ্ঞা -া -া I
ই য়া জ্ঞা ০ ন প রি তৃ ০ প্ত ঋ ষি গ ০ ণ

১´ ২ ০ ৩ ১ ২
I রা জ্ঞা । মা -া মা । জ্ঞা মা । পা -া পা I মা পা । দা -া র্সা ।
কৃ তা র্থ ০ বি গ ত রা ০ গ নি র্লি প্ত ০ প্র

০ ৩
। ণা দপা । দা -া -া I
শা ন্ত০ ম ০ ন (ধুয়া)

তাঁহারে জানিয়া জীব ... ... নাহিরে উপায় ॥ ২ ॥

২´ ৩ ০ ১
II জ্ঞজ্ঞাঃ জ্ঞাঃ জ্ঞা । জ্ঞা রা জ্ঞা । মা -া -া । -া -া মা I
য য়ে য ম স্মি ন্না কা শে ০ ০ ০ ০ তে

২´ ৩ ০ ১
I পাঃ পঃ পা । পপা পপা পা । পপা পা মা । পদা দা -া I
জো ম য়ো হ মৃ ত ম য়ঃ পুরু ষঃ স র্বানু ভূঃ ০

২´ ৩ ০ ১
I দদাঃ দঃ দা । দা পাঃ দঃ । ণা -া -া । -া -া ণা I
যয়ে য ম স্মি ন্না ত্ম নি ০ ০ ০ ০ তে

২´ ৩ ০ ১
I ণাঃ ণঃ ণা । ণণা ণণা ণা । ণণা ণা দা । ণর্সা র্সা -া II
জো ম য়ো হমৃ তম য়ঃ পুরু ষঃ স র্বানু ভূঃ ০

১´ ২ ০ ৩ ১´ ২
I জ্ঞা জ্ঞা। জ্ঞা -ঝা জ্ঞা। মা মা। মা -া মা। জ্ঞা মা। পা -া পা।
তে জো ম ০ য় পু রু ষ ০ অ মৃ ত ম ০ য়

০ ৩ ১ ২ ০ ৩
। দা র্সা। ণা -া দপা। দা -া। -া -া -া। ণা ণা। র্জ্ঞা -া র্ঋা I
স র্ব্ব জ্ঞ ০ ম০ হা ০ ০ ০ ন্ আ কা শে ০ আ

১´ ২ ০ ৩ ১ ২
I র্ঋা র্ঋা। র্সা -া র্সা। জ্ঞা জ্ঞা। মা -া মা I পা পা। মপা দণা দপা।
আ য় যি ০ নি স ম ভা ০ বে স দা বি০ ০০ স্থ০

০ ৩
। দা -া। -া -া -া I
মা ০ ০ ০ ন্ (ধুয়া)
তাঁহারে জানিয়া জীব ... ... নাহিরে উপায় ॥ ৩ ॥

সরস্বতী বন্দনা।

ভৈরবী—কাওয়ালী।

সারদা, বিদ্যাদেনী, দয়ানী দুঃখ-হরণী
জগতজননী, জ্বালামুখী, মাতা সরস্বতী ॥
দিজে সুদৃষ্টি সেবক পর আপনি,
নারায়ণী, শ্বেতকমলাসনী, শ্বেত-অঙ্গনী, শ্বেত-অম্বরী
তুঁ হরপার্ব্বতী ॥

স্বরলিপি—শ্রীমতী প্রতিভা দেবী।

আস্থায়ী

॥ ২ ৩ ০
ণ্‌া সা II { দা -া -া -া। দা -া ণা -া। দা -পা -া জ্ঞা।
সা র দা ০ ০ ০ বি ০ দ্যা ০ দে ০ ০ নী

১ ২´ ৩ ০
। মা ণা -া দা I -পা জ্ঞা -া মা। জ্ঞা ঋা সা -া। সা ণ্‌া সা জ্ঞা I
দ য়া ০ নী ০ দুঃ ০ খ হ র ণী ০ জ গ ত জ

১ ২ ৩ ০
। মা দা ণদপদা -া I পা -মা পা জ্ঞা । -জ্ঞা সা -ণ্ সা । জ্ঞা জ্ঞা মা সা ।
ন নী জ্ঞা০০০ ০ লা ০ মু খী ০ মা ০ তা স র স্ব তী

১
। -া -া ণ্া সা } II
০ ০ "সা র"

অন্তরা

২´ ৩ ০ ১
II { দা -মা দা -া । ণা র্সা -া র্সা । ণা র্সা র্ঋা র্জ্ঞা । -া র্মা র্জ্ঞা র্ঋা } I
দি ০ জে ০ সু দৃ ০ ষ্টি সে ব ক প ০ র আ প

২ ৩ ০ ১
I সা -া দা পা । -মা -পা জ্ঞা -া । সা ণ্া সা জ্ঞা । র্জ্ঞা র্জ্ঞা -া র্মা I
নি ০ না রা ০ য় ণী ০ শ্বে ০ ত ক ম লা ০ স

২´ ৩ ০ ১
I র্সা -া র্সা -া । র্ঋা র্জ্ঞা -া র্মা । র্মা -া র্দা -া । র্দা -া র্পা -র্মা I
নী ০ শ্বে ০ ত অ ০ ম্ব রী ০ শ্বে ০ ত ০ অ ০

২´ ৩ ০ ১
I র্পা -া র্জ্ঞা -া । দা -া দা দা । পা -মা পা জ্ঞা । -া -া ণ্া সা II II
ঙ্গ ০ ণী ০ তুঁ ০ হ র পা ০ র্ব্ব তী ০ ০ "সা র"

——*——

পরজ—চৌতাল।

সরস্বতী বাক্‌বাণী ব্রহ্মাণী দয়া কর দ্বিজে,
সপ্ত সুর তিন গ্রাম শুদ্ধ বাণী॥
আরোহী অবরোহী আস্থায়ী সঞ্চারী
শ্রুতি মূর্চ্ছনা কো ভেদ দে ভবানী॥
রাগ রঙ্গ মুদ্রা শুদ্ধ, সঙ্গত কি তান লয়ে
গুরু বিচার কিও দৃঢ় সোই কণ্ঠানী;
আনন্দ কর দ্বিজে মাতুঃ, শ্রীআনন্দ কিশোর কো
নাদ ভেদ পাওয়ে সোকহাওয়ে জ্ঞানী॥

আস্থায়ী

০ ৩ ৪ ১´ ০ ২
II { পজ্ঞা জ্ঞা | -দা গা | জ্ঞা দা I না -র্সা | না দা | -দা পা |
স ০ র ০ স্ব তী ০ বা ০ ক বা ০ ণী

০ ৩ ৪ ১ ০ ২
| জ্ঞা -জ্ঞা | -না জ্ঞা | -গা গা I গা -ঋা | গজ্ঞা -জ্ঞদা | গা জ্ঞা |
ত্রউ ০ ০ জ্ঞা ০ ণী দ ০ য়া০ ০০ ক র

০ ৩ ৪ ১ ০ ২
| গা -ঋা | -া সা | -া -া I -ন্া -ন্া | ঋা গা | -জ্ঞা গা |
দ্বি ০ ০ জে ০ ০ স ০ প্র সু ০ র

০ ৩ ৪ ১ ০ ২
| দা -জ্ঞা | দা না | -র্সা র্সা I ঋ́না -না | দা না | -র্সা না } II
তি ০ ন গ্রা ০ ম শু০ ০ দ্ধ বা ০ ণী

অন্তরা

১´ ০ ২ ০ ৩ ৪
II { দা -জ্ঞা | -দা না | -র্সা র্সা | র্সা র্সা | -র্সা না | -র্সা র্সা I
আ ০ ০ রো ০ হি অ ব ০ রো ০ হি

১´ ০ ২ ০ ৩ ৪
I ঋ́না -া | দা -না | না -র্সা | র্সা -র্সা | -ঋ́া না | -দা পা } I
আ০ ০ স্থা ০ য়ী ০ সঞ্চ ০ ০ রা ০ রী

১´ ০ ২ ০ ৩ ৪
I পা -পা | পা জ্ঞা | দা গা | দা -জ্ঞা | দা না | -র্সা র্সা I
শ্রু ০ তি মূ র্ছ না ০ কো ভে ০ দ

১ ০ ২
I ঋ́না -া | দা না | -র্সা র্সা II

সঞ্চারী

১ ০ ২ ০ ৩ ৪
II { গা -গা | পা হ্মা | -হ্মা দা | র্সা -র্সা | না দা | -দা পা I
রা ০ গ রউ ০ ঙ্গ মু ০ দ্রা শু ০ দ্ধ

১´ ০ ২ ০ ৩ ৪
I হ্মা -দা | না র্সা | র্সা -র্সা | র্ঋা -না | দা র্সা | না -দা I
সউ ০ ঙ্গ ত কি ০ তা ০ ন ল য়ে ০

১´ ০ ২ ০ ৩ ৪
I হ্মা দা | পা হ্মা | -দা হ্মা | গা গা | -ঋা সা | সা -সা I
গু রু বি চা ০ র কি ও ০ দৃ ঢ় ০

১´ ০ ২ ০ ৩ ৪
I সা গা | -গা হ্মা | -হ্মা দা | -র্সা -না | -দা দা | -হ্মা -গা } I
সো ই ০ কউ ০ ঠা ০ ০ ০ নী ০ ঃ

আভোগ

১´ ০ ২ ০ ৩ ৪
I { হ্মা -দা | না র্সা | র্সা র্সা | র্সা -র্সা | র্সা না | -র্সা র্সা I
আ ০ ন ন্দ ক র দি ০ জে মা ০ তু

১´ ০ ২ ০ ৩ ৪
I র্ঋা -না | দা না | -র্সা র্সা | র্সা র্ঋা | -না দা | না -না } I
শ্রী ০ আ নউ ০ ন্দ কি শো ০ র কো ০

১´ ০ ২ ০ ৩ ৪
I না -না | র্ঋা র্গা | -র্গা র্ঋা | র্সা -র্সা | দা না | -র্সা র্সা I
না ০ দ ভে ০ দ পা ০ ওয়ে শো ০ ক

১´ ০ ২
I র্ঋনা -না | দা না | -র্সা না II II
হা০ ০ ওয়ে জা ০ নী

রাগ রাগিণী ও তালপরিচয়।

এই সংখ্যায় যে তিনটী রাগিণীর গান প্রকাশিত হইল তাহাদের :—

১মটী বেদগান—রাগিণী মিশ্রভৈরবী—তাল ফের্‌তা। এই রাগিণীতে ভৈরবীর সঙ্গে অন্যান্য সুরের মিশ্রণ আছে বলিয়া মিশ্রভৈরবী নাম দেওয়া হইয়াছে। তাল ফের্‌তা অর্থাৎ এক তালে সমস্ত গানটী গাওয়া হয় না, কতক ভাগ একতালাতে ও কতক ভাগ ঝাঁপতালেতে গাওয়া হইতেছে সুতরাং তাল ফের্‌তা লেখা হইল। একতালা ১২ মাত্রার তাল; ইহাতে তিনটী তাল ও একটি ফাঁক আছে। প্রতি তালে তিনটী করিয়া মাত্রা থাকে। ঝাঁপতাল ১০ দশ মাত্রার তাল; ইহাতে তিনটী তাল ও একটী ফাঁক। প্রথমে একটী তাল, তাহার দুই মাত্রা পরে দ্বিতীয় তাল, তাহার তিন মাত্রা পরে একটী ফাঁক, তাহার দুই মাত্রা পরে তৃতীয় তাল, তাহার পরে তিন মাত্রা। এই তালের বিভাগ অসমান বলিয়া ইহাকে বিষম-পদী তাল বলে।

২য়টী— ভৈরবী— কাওয়ালী। এই রাগিণীতে সাত সুর আছে। যে সকল রাগিণীতে সাত সুর লাগে তাহাদিগকে সম্পূর্ণ বলে সুতরাং ভৈরবী সম্পূর্ণ। ইহাতে স ম প শুদ্ধ সুর লাগে অন্য সব সুর কোমল। ইহার মধ্যম বাদী। রেখাব, গান্ধার, পঞ্চম, ধৈবত অনুবাদী! ষড়জ, নিখাদ, সমবাদী। শুদ্ধ রেখাব ও কড়ি মধ্যম বিবাদী। সুমিষ্ট শুনিবার জন্য কখনো কখনো শুদ্ধ রেখাব লাগিয়া যায়। এই রাগিণীর ঠাট—স ঋ জ্ঞ ম প দ ণ স, র্স ণ দ প ম জ্ঞ ঋ স। ইহার তাল কাওয়ালী। কাওয়ালী তালে তিনটী তাল ও একটী ফাঁক। তাল ও ফাঁক একই কথা কেবল যে সময় যে সুরের উপর হাতের আঘাত পড়ে তাহাকে ঘাত বা তাল বলে, যেখানে হাতের আঘাত পড়ে না তাহাকে অনাঘাত কিম্বা ফাঁক বলা হয়। এই তালের প্রতি তালে চারিটী মাত্রা থাকে— ইহা ১৬ মাত্রার তাল।

৩য়টী—পরজ—চৌতাল। এই রাগিণী সম্পূর্ণ। ইহার গান্ধার, পঞ্চম, নিখাদ শুদ্ধ; রেখাব ও ধৈবত কোমল। মধ্যম কড়ি। শুদ্ধ নিখাদ বাদী। মধ্যম সমবাদী। রেখাব গান্ধার পঞ্চম ও ধৈবত অনুবাদী। ইহার ঠাট— স ঋ গ হ্ম প দ ন র্স র্স ন দ প হ্ম গ ঋ স। ইহার তাল চৌতাল। ইহাতে চারিটী তাল ও দুইটী ফাঁক আছে। প্রতি তালে ২টী করিয়া মাত্রা। ফাঁক ধরিয়া সবশুদ্ধ ইহার ৬টী তাল সুতরাং ইহা ১২ মাত্রার তাল। একতালা ও চৌতাল উভয়ই ১২ মাত্রার তাল কিন্তু তফাৎ এই যে একতালার প্রতি তালে তিনটি করিয়া মাত্রা থাকে ও চৌতালের প্রতি তালে ২টী করিয়া মাত্রা থাকে।

———•———

আনন্দ-সঙ্গীত পত্রিকা।

সঙ্গীত বিষয়িণী মাসিক পত্রিকা।

প্রথম বর্ষ। | ভাদ্র, ১৩২০। | ২য় সংখ্যা।

আকার মাত্রিক স্বরলিপি পদ্ধতি
ও
তাহার চিহ্নের সংক্ষিপ্ত ব্যাখ্যা।

১। স, র, গ, ম, প, ধ, ন,—এই সাতটী স্বর এবং এই সাতটী স্বর লইয়াই এক একটী সপ্তক। এতদ্দেশীয় সঙ্গীতে তিন সপ্তকের অধিক বড় একটা ব্যবহার হয় না; তজ্জন্য এস্থলে ঐ তিন সপ্তকের কথাই বলা যাইতেছে। উক্ত তিন সপ্তকের নাম উদারা, মুদারা, তারা অর্থাৎ নিম্ন, মধ্য এবং উচ্চ সপ্তক।

নিম্ন সপ্তকের স্বরের নীচে হসন্ত-চিহ্ন থাকে; যথা:—স্, র্, গ্, ম্, প্, ধ্, ন্,; উচ্চ সপ্তকের স্বরের মাথায় রেফ-চিহ্ন থাকে; যথা:—র্স, র্র, র্গ, র্ম, র্প, র্ধ, র্ন এবং মধ্য সপ্তকের স্বরে কোন চিহ্নই থাকে না। যথা:—স, র, গ, ম, প, ধ, ন।

২। উপরোক্ত সাতটী স্বরের মধ্যে আবার কোন কোন স্বরের কোমল ও কড়ি প্রভৃতি কয়েকটী বিকৃত স্বর আছে এবং ঐ বিকৃত স্বরগুলির জন্য নিম্নলিখিত স্বতন্ত্র অক্ষর নির্দ্দিষ্ট হইল।

ঋ=কোমল র; জ্ঞ=কোমল গ; হ্ম=কড়ি ম; দ=কোমল ধ; ণ=কোমল ন।

৩। স্বর উচ্চারণের সমান কাল-পরিমাণকে মাত্রা বলে। এই মাত্রার গতি সম্বন্ধে বিশেষ কোন নিয়ম করা যাইতে পারে না। কারণ গান বিশেষে মাত্রার গতি দ্রুত, মধ্য কিম্বা বিলম্বিত হইয়া থাকে। এরূপ স্থলে গায়ক যে গানটী গাহিবেন, তাহা আরম্ভ করিয়াই যে রূপ গতিতে গাহিলে গানটী শুনিতে সুমিষ্ট হয়, তদনুসারে সেই গানের মাত্রার গতি স্থির করিয়া লওয়াই সর্ব্বতোভাবে বিধেয়। তবে মাত্রার কাল পরিমাণ সম্বন্ধে এস্থলে আর একটা সহজ উপায় বলা যাইতেছে যাহা এই পত্রিকা সন্নিবেশিত অধিকাংশ গানের স্বরলিপিতেই খাটিবে; অর্থাৎ এক, দুই, তিন, চার এই কয়টী সংখ্যা উচ্চারণ করিতে যতটুকু সময় লাগে; সেই সময়টুকু অন্তর এক একটী করতালি দিয়া মাত্রার গতি স্থির করিয়া লওয়াই সহজ উপায়। ইহাকেই মাত্রার মধ্য গতি বলা যায়।

৪। মাত্রার চিহ্ন=া আকার, যথা সা, একমাত্রা; সা-া; দুই মাত্রা; সা -া -া তিন মাত্রা ইত্যাদি। দুইটি স্বর এক মাত্রার মধ্যে উচ্চারিত হইলে, দুইটী স্বরাক্ষর যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে। যথা, সরা, গমা, ইত্যাদি; এরূপ স্থলে প্রতি স্বরটী অর্দ্ধ মাত্রা। তিনটী স্বর একমাত্রার মধ্যে উচ্চারিত হইলে তিনটী স্বরাক্ষর যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে যথা সরগা; এই স্থলে প্রত্যেক স্বরে তৃতীয়

অংশ মাত্রা। চারটী স্বর একমাত্রার মধ্যে উচ্চারিত হইলে চারিটি স্বরাক্ষর যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে, যথা, সরগমা ; এই স্থলে প্রত্যেক স্বরটী সিকি মাত্রা। এইরূপ একমাত্রার মধ্যে যতগুলি স্বরই উচ্চারিত হউক না কেন তাহাদের স্বরাক্ষর গুলি যুক্ত হইয়া শেষ অক্ষরের গায়ে আকার বসে যথা সরগমপা, সরগমপধনা, ইত্যাদি ; এরূপ স্থলে প্রত্যেক স্বর সমান অংশে বিভক্ত, ইহাই বুঝিতে হইবে।

৫। অৰ্দ্ধ মাত্রার বিশেষ চিহ্ন = ঃ ; যথা সঃ রঃ ইত্যাদি। কিন্তু সাঃ = দেড়মাত্রা, অর্থাৎ আকার একমাত্রা এবং বিসর্গ অৰ্দ্ধমাত্রা—উভয়ে মিলিয়া দেড় মাত্রা। সাঃ রঃ = দুই মাত্রা। অর্থাৎ সাঃ = দেড়মাত্রা এবং রঃ = অৰ্দ্ধমাত্রা উভয়ে মিলিয়া দুই মাত্রা।

৬। যখন কোন আনুষঙ্গিক স্বর কোন প্রধান স্বরকে ঈষৎ স্পর্শ করিয়া যায় তখন সেই আনুষঙ্গিক স্বর প্রধান স্বরের গায়ে (উহার দক্ষিণে অথবা বামে) ক্ষুদ্র অক্ষরে এইরূপে লিখিতে হয় ; যথা সরা সার ইত্যাদি। এইরূপ ক্ষুদ্র অক্ষরে লিখিত স্বরকে স্পর্শ-স্বর বলা হয়।

৭। কতকগুলি মাত্রার সমষ্টির নাম তাল। এই তাল নানাবিধ ; যথা কাওয়ালী, একতালা, আড়াঠেকা, যৎ, চৌতাল, সুরফাঁক্তা, তেওরা, ধামার ইত্যাদি। এই সকল তালের আবার ভিন্ন ভিন্ন বিভাগ আছে এবং ইহাদের মধ্যে কতকগুলি তাল সম-পদী ও কতকগুলি বিষম-পদী। যে সকল তাল সমভাগে বিভক্ত তাহারা সম-পদী, যথা, কাওয়ালী, একতালা, চৌতাল, ইত্যাদি এবং যে সকল তালের ভাগ সমান নহে তাহারা বিষম-পদী, যথা,— যৎ, সুরফাঁক্তা, ধামার ইত্যাদি। তাল সমূহ ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত হইয়া ১, ২, ৩, ৪, ০ ইত্যাদি সংখ্যা দ্বারা চিহ্নিত হইয়া থাকে। আবার প্রত্যেক তালেই একটী করিয়া সম এবং এক, দুই, কিম্বা ততোধিক ফাঁক আছে। "০" চিহ্নিত তালগুলি "ফাঁক" এবং যে সংখ্যার শিরোদেশে রেফ্ চিহ্ন থাকে তাহাই "সম্"। "সম্" এর অর্থ এই যে, প্রত্যেক তাল বিভাগেই এমন একটি স্থান আছে যেখানে বিশেষ কোন একটা ঝোঁক্ পড়ে। যে স্থানে ঐ ঝোঁক্টী পড়ে সেই স্থানটিকেই "সম্" কহে।

৮। প্রতি তাল বিভাগের পর এইরূপ "।" ছেদ চিহ্ন বসে ; এবং তালের এক আওর্দ্দা অথবা ফেরা পূর্ণ হইলে "I" স্তম্ভ চিহ্ন বসে।

৯। আস্থায়ীর আরম্ভে, যেখান হইতে রীতিমত তাল সুরু হয় সেইখানে ও প্রত্যেক কলির শেষে এইরূপ II যুগল স্তম্ভ চিহ্ন বসে এবং যেখানে গানটা এককালীন শেষ হয়, সেখানে এইরূপ II II দুই যোড়া স্তম্ভ চিহ্ন বসে।

আস্থায়ীর আরম্ভে, এইরূপ যুগল স্তম্ভ চিহ্নের বাহিরে গানের যে অংশটুকু লিখিত হয় তাহা কেবল গানট ধরিবার সময় একবার মাত্র গাহিতে হয়, উহা আর দ্বিতীয়বার গাহিতে হয় না। কারণ প্রত্যেক কলির শেষে ঐ অংশটুকু এইরূপ " " কোটেশন—চিহ্নের মধ্যে পুনঃ পুনঃ লিখিত হইয়া থাকে।

১০। { } = পুনরাবৃত্তির চিহ্ন ; যথা {সা রা গা মা} অর্থাৎ এই অংশ দুইবার আবৃত্তি করিতে হইবে।

১১। ( ) = পুনরাবৃত্তি-কালে লঙ্ঘনের চিহ্ন ; যথা :—{ সা রা (গা মা) } পা ধা। অর্থাৎ সা রা গা মা এই অংশ দ্বিতীয় বার আবৃত্তি করিবার সময় (গা মা) এই অংশ লঙ্ঘন করিয়া একেবারে "পা ধা" এই অংশ ধরিতে হইবে।

১২। পুনরাবৃত্তি-কালে যে স্থলে স্বরের পরিবর্ত্তন ঘটে, সেই স্থলে পরিবর্ত্তিত স্বর পূর্ব্ব স্বরের মাথার উপর এইরূপ

[রা গা মা]

কোন একটী কলি শেষ করিয়া আস্থায়ীতে ফিরিয়া যাইবার সময় যখন আস্থায়ীর কোন কোন স্বরের পরিবর্ত্তন হয় তখনও পরিবর্ত্তিত স্বর পূর্ব্বোক্তরূপে এইরূপ [ ] ব্র্যাকেটের মধ্যে লিখিত হয় এবং কলির শেষে যে এইরূপ II স্তম্ভ চিহ্ন থাকে উহার মধ্যেও ঐরূপ ব্র্যাকেট-চিহ্ন বসে; যথা:—I [ ] I ইহাতে এই বুঝায় যে আস্থায়ীতে গিয়াই কোন পরিবর্ত্তিত স্বর গাহিতে হইবে।

১৩। সাধারণতঃ যুক্তস্বরগুলি গড়ানে ভাবেই উচ্চারিত হয়; যদি কোন স্থলে উহার প্রত্যেক স্বর পৃথক-ঝোঁকে উচ্চারণ করিতে হয়, তাহা হইলে ঐ সকল স্বরের শিরোদেশে বিন্দু চিহ্ন দেওয়া হইয়া থাকে। যথা:—সরগমা। কোন এক স্বর যখন আর এক স্বরে বিশেষরূপে গড়াইয়া যায়, তখন স্বরের নীচে এইরূপ ‿ চিহ্ন, যথা,—ণা পা ইহাকে মিড় বলে।

১৪। স্বরবর্ণ অবলম্বনে স্বরের টান চলে, তাহাকে "আশ" বলে। আশের চিহ্ন = স্বরাক্ষরগুলির মধ্যে ছোট ছোট কসি অর্থাৎ হাইফেন্। যখন স্বরের নীচে অক্ষর না থাকে তখন স্বরগুলির মধ্যে হাইফেন্-চিহ্ন বসে এবং গানের পংক্তিতে শূন্য (০) চিহ্ন দেওয়া হয়; যথা:—সা -া -া -া অথবা সা -রা -গা -মা ইত্যাদি।
তু ০ ০ ০　　তু ০ ০ ০

১৫। স্বরের ক্ষণিক নিস্তব্ধতার নাম বিরাম। বিরামের চিহ্ন - হাইফেন্ বর্জ্জিত আকার, যথা—া া া। যে স্থলে হাইফেন্ বর্জ্জিত এইরূপ "া" মাত্রা চিহ্ন যতগুলি থাকিবে সেই স্থলে সেই কয়মাত্রা থামিয়া আবার তাহার পরবর্ত্তী স্বর অনুসারে গাহিতে হইবে। এরূপ স্থলে স্বরের বিরাম হয়, কিন্তু মাত্রার গতির বিরাম হয় না।

১৬। আস্থায়ীর যে পর্য্যন্ত গাহিয়া অপর কোন কলি আরম্ভ করিতে হয়, সেই স্থলের শিরোদেশে এইরূপ "॥" যুগল দাঁড়ি চিহ্ন দেওয়া হয়। যথা—সা রা গা মা। এস্থলে ইহাও বলা আবশ্যক যে যখন কোন একটা গান শেষ করিয়া এককালীন থামিতে হইবে তখনও প্রায় অধিকাংশ গানেই ঐ যুগল দাঁড়ি-চিহ্ন-স্থলেই থামিতে হয়।

১৭। একই রকম স্বরের দুই কিম্বা ততোধিক কলি থাকিলে কেবলমাত্র প্রথম কলিতে স্বর, তাল, মাত্রা ইত্যাদি বসাইয়া অপর কলিগুলি তাহার নিম্নে যথাক্রমে লিখিত হইয়া থাকে। এবং উহাতে (১) (২) (৩) ইত্যাদি এইরূপ চিহ্ন দেওয়া হয়।

১৮। অন্তরা গাহিবার পর যেরূপ আস্থায়ীতে ফিরিয়া যাইতে হয়, সেইরূপ সঞ্চারী গাহিবার পরে আর আস্থায়ীতে ফিরিয়া যাইতে হয় না; সঞ্চারীর পরে আভোগ গাহিয়া শেষে আস্থায়ীতে ফিরিয়া যাইতে হয়। এজন্য সঞ্চারীর শেষে আর কোন পৃথক চিহ্ন না দিয়া একেবারেই আভোগের শেষে এইরূপ II II দুই যোড়া স্তম্ভ চিহ্ন দেওয়া হয়।

১৮। ছন্দোঘটিত যে কোন শ্লোক অথবা কবিতা হউক না কেন সকলেরই যেমন চারিটা করিয়া চরণ থাকে, তেমনি গানেরও প্রায় চারিটা করিয়া চরণ অথবা কলি থাকে। প্রথমে যে কলিটি থাকে তাহার নাম আস্থায়ী, দ্বিতীয় কলির নাম অন্তরা, তৃতীয় কলির নাম সঞ্চারী এবং চতুর্থ কলির নাম আভোগ। কোন কোন গানে কেবলমাত্র আস্থায়ী ও অন্তরা এবং কোন কোন গানে আস্থায়ী অন্তরা সঞ্চারী ও আভোগ এই চারিটিই থাকে।

———•———

পারমার্থিক গান।

রাগিণী আশা ভৈরবী—কাওয়ালী।

জগত পিতা তুমি বিশ্ববিধাতা।
আমরা তোমারি কুমার কুমারী, তুমি হরি সব সুখ দাতা।
রাজ রাজেশ্বর, সর্ব্ব ভুবনপতি, পতিত পাবন দীনবন্ধু ;—
অনাথ গতি তুমি অনাদি ঈশ্বর, করুণা কর কৃপাসিন্ধু॥
সঙ্কট মোচন অভয় চরণ তব, বন্দিছে সুর নর বৃন্দে ;—
জনম দিয়াছ যদি, শরণ দিতে হবে, শীতল চরণারবিন্দে।

[স্বরলিপি—শ্রীযুক্ত ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী।

আস্থায়ী

০ ১ ২ ৩ ০
II { সা দা দা পা | মা -া পা মা I জ্ঞা -রা জ্ঞা মা | জ্ঞা-ঋা সা -া } | { মা া গা মা |
জ গ ত পি তা ০ তু মি বি ০ শ্ব বি ধা ০ তা ০ আ ম রা তো

১ ২ ৩ ০ ১ ২
পা -া পা -া I I দা পা দা ণা | দা -া পা -া } | { সা দা দা দা | পা দা পা মা I পা -ণা
মা ০ রি ০ কু মা র কু মা ০ রী ০ তু মি হ রি স ব সু খ দা ০

৩
-দা -পা | মা -জ্ঞা -ঋ -সা } II
০ ০ তা ০ ০ ০

অন্তরা

০ ১ ২ ৩ ০
II { মা -া গা মা | পা -া পা পা I দা -পা দা ণা | পা দা মা পা | সা -দা দা দা |
(১) রা ০ জ রা জে ০ শ্ব র স ০ র্ব্ব ভু ব ন প তি প তি ত পা
(২) স ০ ঙ্ক ট মো ০ চ ন অ ভ য় চ র ণ ত ব ব ০ ন্দি ছে

১ ২ ৩ ০ ১
পা দা পা মা I গা -মা -পা দা | পা -া -া -া } | মা মা -গা মা | মা মা মা মা I
(১)ব ন দী ন ব ০ ০ অন্ ধু ০ ০ ০ অ না ০ থ গ তি তু মি
(২)সু র ন র বৃ ০ ০ ইন্ দে ০ ০ ০ জ ন ম দি য়া ছ য দি

২ ৩ ০ ১ ২´

I সা সা -দা দা | পা-দা মা পা | সা দাদা -দা | পা দা পা মা I পা -ণা -দা পা |

(১)অ না ০ দি ঈ ০ শ্ব র ক রু ণা ০ ক র রু পা সি ০ ০ ইন্

(২)শ র ণ ০ দি তে হ বে শী ০ ত ল চ র ণা র বি ০ ০ ইন্

৩

| মা-জ্ঞ -ঋা-সা II II

(১)ধু ০ ০ ০

(২)দে ০ ০ ০

হারমণি বা স্বরসংযোগ।

প্রাচ্য ও পাশ্চাত্য সঙ্গীতে প্রভেদ বিস্তর। তন্মধ্যে হারমণি বা স্বরসংযোগঘটিত প্রভেদই প্রধান।

আমরা এদেশে একটি যন্ত্রে বা কণ্ঠে একটি একহারা মূল সুরের গতি অনুসরণ করি, এবং বিভিন্ন তানলয়ের সাহায্যে তাহার বৈচিত্র্য সম্পাদন করিয়া থাকি। আর য়ুরোপীয়গণ বহুকাল যাবৎ একাধিক যন্ত্রে বা কণ্ঠে একাধিক এককালীন সুরসম্মিলনের পক্ষপাতী। অর্থাৎ একটি মূল উচ্চ সুরকে প্রাধান্য দিয়া তাঁহারা তলায় [illegible]ক্রমে অপর একটি, দুইটি বা তিনটি স্বতন্ত্র সুরবিন্যাস করেন, কিম্বা অন্য নানাপ্রকারে সুরসঙ্গত রচনা করেন। [illegible] স্বরসমন্বয়ের নাম হারমণি।

এই জটিলতার ফলে তাঁহারা প্রধান সুরকে অপেক্ষাকৃত হাল্কা ও সহজ করিতে বাধ্য হন। তাই আমাদের তান ও গিটকিরি তাঁহাদের সাধারণ সঙ্গীতে বিরল। হারমণি বাদ দিয়া তাঁহাদের মূল সুর স্বতন্ত্রভাবে আমাদের কানে নিতান্ত অকিঞ্চিৎকর শোনানো বিচিত্র নহে। অপর পক্ষে হারমণিসংযোগে সোজা সুরও যে শব্দগাম্ভীর্য্য এবং স্বরবৈচিত্র্য লাভ করে, তাহা আমাদের ক্ষীণপ্রাণ একতান সঙ্গীতে দুর্লভ। নিজ নিজ ক্ষেত্রে উভয়েরই গৌরব সমান, কেহ কাহা অপেক্ষা হীন নহে, এবং তুলনায় সমালোচনাও আমার উদ্দেশ্য নহে।

বহুযন্ত্রে বা বহুকণ্ঠে বহু শ্রোতার উদ্দেশে রচিত সঙ্গীতের পক্ষে হারমণি বিশেষভাবে উপযোগী। আমাদের মধ্যে সম্প্রতি ঐক্যতান বা সম্মিলিত গীতবাদ্যের প্রতি ঝোঁক দেখা যায়। অথচ একই সুর সমস্বরে একাধিক যন্ত্রে বাজাইলে তেমন ভরাট বা জমাট শুনিতে হয় না। সেই জন্য স্কুল বা গৃহমধ্যে, যেখানেই অনেকের একত্রে গীতবাদ্য করিবার সুবিধা বা ইচ্ছা হয়, সে স্থলে মধ্যে মধ্যে হারমণির সাহায্য গ্রহণ করিলে উপকার ও আমোদ দুইই পাওয়া সম্ভব। অবশ্য অন্য অনেক জিনিষের ন্যায় সঙ্গীতের রুচিও অভ্যাসগত। সুতরাং অনভ্যস্ত কানে একাধিক স্বতন্ত্র সুরের সমাবেশ হঠাৎ সুশ্রাব্য নাও লাগিতে পারে। তবে সওয়াইয়া সওয়াইয়া নিয়মপূর্ব্বক অভ্যাস করিলে ক্রমে ভাল লাগিবে, এবং সমবেত সঙ্গীতে অনেক প্রকার বৈচিত্র্য সাধন করিতে পারা যাইবে নিশ্চয়। আমাদের দেশে যে একেবারেই বিভিন্ন স্বরের একত্রযোগ নাই তাহা নহে। দক্ষিণদেশী বীণকারকে বীণায় আলাপকালে দুই স্বতন্ত্র স্বর ক্রমান্বয়ে একত্র বাজাইতে শুনিয়াছি। জানিনা তাহা সেদেশের বিশেষত্ব কিম্বা বিদেশের অনুকরণ। আবার আমাদের সঙ্গীতমাত্রই যে তানপূরার সহিত গীত হয়, তাহার পঞ্চম ও ষড়জ মিলিয়া গানের সুরের সহিত সর্ব্বদাই স্বরসন্ধি (বা 'কড্') রচনা করে বলিলে অত্যুক্তি হয় না। সেতারে চিকারি দেওয়াও ইহার অন্যতম দৃষ্টান্ত। আধুনিক হারমোনিয়মে গানের সঙ্গে

যে 'সা' স্বুর টিপিয়া ধরা হয়, বা পিয়ানোতে ডান হাতে স্বুর বাজাইতে বাজাইতে বাঁ হাতে যে প্রকার কর্ড্ (স্‌া-প্‌া-সা) দেওয়া হয়, এ সকলেরই ভিতর হারমণির সূত্রপাত দেখা যায়। কেবল এদেশে যাহা আদিম ও অস্ফুট অবস্থায় রহিয়াছে, য়ুরোপে তাহা বহুপ্রকার বিধিনিষেধসম্বলিত পরিস্ফুট বিজ্ঞানের আকার ধারণ করিয়াছে। সে বিজ্ঞানের বিস্তারিত ইতিহাস বা ব্যাখ্যা বর্ত্তমানে আমাদের আবশ্যক এবং অধিকারবহির্ভূত। কেবল এই সংখ্যায় দুইটী হারমণিযুক্ত গীতবাদ্য সন্নিবেশিত হইয়াছে বলিয়া সে সম্বন্ধে সংক্ষেপে কিছু বলা দরকার।

একাধিক বিভিন্ন স্বুর একই সময়ে ধ্বনিত হইবার কল্পনাতেই হয়ত অনেকে শিহরিয়া কানে হাত দিবেন। কিন্তু হিসাবপূর্ব্বক করিতে পারিলে এমন কিছু সর্ব্বনাশ উপস্থিত হয় না তাহা ফলেন পরিচীয়তে। কারণ ইহা শুধু মানুষের উচ্ছৃঙ্খল মস্তিষ্কসম্ভূত নহে, পরন্তু বিজ্ঞানের অভ্রান্ত ভিত্তির উপর স্থাপিত। একটি টানা তারকে যদি আঘাত করা যায়, তাহলে প্রথমে সমস্তটির কম্পনে একটি ধ্বনি উত্থিত হয়, তাহার অনতিবিলম্বেই তাহার অর্দ্ধাংশ, পরে তৃতীয়াংশ, পরে চতুর্থাংশ, পরে পঞ্চমাংশ ইত্যাদি ক্রমান্বয়ে দ্রুত প্রকম্পিত হয় ও স্বতন্ত্র ধ্বনি উৎপাদন করে। ইহারই ফলে তারের যন্ত্রের জওয়ারি নামক ধ্বনির উৎপত্তি। সমগ্র তারের প্রকম্পনে যে স্বুর বাজে, তাহাকে যদি উদারার নীচের মূল ষড়জ বলিয়া ধরা যায়,—তাহলে অর্দ্ধাংশে উদারার ষড়জ, তৃতীয়াংশে উদারার পঞ্চম, চতুর্থাংশে মুদারার ষড়জ, পঞ্চমাংশে মুদারার গান্ধার ইত্যাদি স্বুর ক্রমশঃ ধ্বনিত হয়। যথা—

স্‌া প্‌া সা গা পা ণা র্সা র্রা র্গা ইত্যাদি।

স্‌‌া ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০

মূলনাদ

ইহার অনেক স্বুরই বিশুদ্ধ নহে, অল্পবিস্তর বেস্বুরা বাজে, প্রকম্পনের মাত্রাঙ্ক দেখিলে ঠিক সম্বন্ধ বোঝা যায়। বিভিন্ন যন্ত্রে এই উপ্‌রি স্বু গুলির তারতম্য অনুসারে যন্ত্রের আওয়াজে পার্থক্য হয়। শুধু তারের যন্ত্রে নহে, বাঁশি বা শিঙা প্রভৃতি বায়ুযন্ত্রেও কেবলমাত্র ফুৎকারের প্রাবল্য অনুসারে বিনা টিপে উক্ত স্বরগুলি ধারাবাহিকরূপে নির্গত হয়। সুতরাং ইহাকে একপ্রকার স্বাভাবিক স্বরমালা বলা যাইতে পারে। এই স্বরমালার ক্রমানুসারে স্বরসন্ধির উৎকৃষ্টতা নিরূপিত হয়। অর্থাৎ এক ষড়জের সহিত উচ্চতর ষড়জের সন্ধি সর্ব্বোৎকৃষ্ট (উক্ত মালার প্রথম ও দ্বিতীয় স্বর); তাহার পর আসে ষড়জের সহিত পঞ্চম (ঐ দ্বিতীয় ও তৃতীয় স্বর); তাহার নীচেই ষড়জের সহিত মধ্যম (ঐ ৩য় ও চতুর্থ স্বরে ষড়জ-মধ্যম সম্বন্ধ)। ষড়জ-পঞ্চমকে উল্টাইয়া পঞ্চম-ষড়জ (উচ্চ) করিলেই মধ্যমের সম্পর্ক আসিয়া পড়ে। এই তিনটি সন্ধিই প্রধান এবং বিশুদ্ধ। তাহার নীচেই ষড়জ-গান্ধার (উক্ত মালার চতুর্থ ও পঞ্চম স্বর), এবং ষড়জ-কোমলগান্ধার (ঐ পঞ্চম ও ষষ্ঠ স্বর)। ইহার বিপরীত সন্ধিদ্বয়ও স্বভাবতঃই এই শ্রেণীতে আসিয়া পড়ে, অর্থাৎ গান্ধার-ষড়জ (উচ্চ), এবং কোমল গান্ধার-ষড়জ (উচ্চ)। এই চারিটী সন্ধিকে অবিশুদ্ধ বলা যায়। উল্লিখিত কয়টি সন্ধিই সম্বাদী বা আপনাতে আপনি সম্পূর্ণ মনে হয়, অর্থাৎ স্থায়ী হইলেও কানে কর্কশ লাগে না। কিন্তু বাকি দুইটি সন্ধি, যথা ষড়জ-রেখাব ও ষড়জ-কোমলনিখাদ, এগুলি বিবাদী বা বেস্বুরা ; অর্থাৎ ইহাতে স্থায়ী হওয়া চলে না, শীঘ্রই অপর কোন শুদ্ধ সন্ধির আশ্রয়গ্রহণ কানের পক্ষে আবশ্যক হইয়া পড়ে। পিয়ানো বা হারমোনিয়মে সবগুলি বাজাইয়া দেখিলেই সহজে উক্ত সত্য প্রমাণিত হইবে।

য়ুরোপীয় সমবেত সঙ্গীত প্রায় চারিভাগে লিখিত হয়। লিখিত হয় বলিয়াই এই প্রকার সঙ্গীত রচনা ও আয়ত্ত করা সম্ভব এবং সহজ, কারণ চোখ কান দুয়েরই সাহায্য পাওয়া যায়। সপ্তকশ্রেণীর এক এক অংশ এক এক কণ্ঠ বিভাগ করিয়া লয়। স্বতন্ত্রভাবে (লিখিত পংক্তির আড়াভাবে) দেখিতে গেলে প্রত্যেক কণ্ঠ একটি নিজস্ব স্বুর গায়। আবার একত্রভাবে (লিখিত পংক্তির খাড়াভাবে) দেখিলে চতুঃস্বরসন্ধিপরম্পরা বা চারিস্বরযুক্ত 'কর্ডের' সমাবেশ

IMPERIAL

নজরে পড়ে। এই সন্ধির গঠন, অনুগমন ও পরস্পর-সম্বন্ধবিচারের নামই হারমণিশাস্ত্র। যিনি এ বিষয়ের অনুশীলন করিতে ইচ্ছুক তিনি "Music" by Banister নামক ইংরাজী গ্রন্থে শিক্ষার্থীর উপযুক্ত বিশদ ব্যাখ্যা দেখিতে পাইবেন।

সাধারণতঃ এইটুকু মনে রাখা চাই যে এমনভাবে সংযুক্তস্বরগুলি বিন্যাস করিতে হইবে যাহাতে সবশুদ্ধ মিলে কানে কর্কশ বা বেসুরা না শোনায়। এই উদ্দেশ্যসিদ্ধির জন্য প্রথমতঃ ভাল কান থাকা চাই, দ্বিতীয়তঃ য়ুরোপীয় সঙ্গীতের সহিত কিঞ্চিৎ পরিচয় থাকা চাই, তৃতীয়তঃ হারমণিবিদ্যার অন্ততঃ বর্ণপরিচয়টুকু হওয়া চাই। ভাষার ব্যাকরণের ন্যায় ইহারও নিয়ম এবং ব্যতিক্রম, শুদ্ধতা এবং অশুদ্ধতা সবই আছে। আমরা যে নমুনা দিয়াছি, তাহাতে মোটে দুইভাগ আছে, সুতরাং সহজে শিখিতে পারা যাইবে। স্বরসন্ধিগুলি পরীক্ষা করিয়া দেখিলে অধিকাংশেরই ষড়জ-পঞ্চম, ষড়জ-মধ্যম বা ষড়জ-গান্ধার সম্বন্ধ প্রকাশ পাইবে। বিশেষজ্ঞ নিশ্চয়ই ইহার স্বরবিন্যাসে অনেক ভুল ধরিতে পারিবেন। তবে কানে খারাপ না লাগিলে সাত খুন মাফ। খাম্বাজের গৎ ও মহিশূরী ভজন দুইটাই দক্ষিণী সুর। হয় এইরূপ লঘু ও দ্রুত সুর, নয় বিলম্বিত সোজা সুর—এই দুই জাতীয় সুরই অপর সুরসংযোগের উপযোগী। আমাদের ওস্তাদী ঢঙের তানমূর্চ্ছনাযুক্ত সঙ্গীতে হারমণির বড় স্থান নাই। সরল নিরাভরণ সঙ্গীতের গাম্ভীর্য্য ও বৈচিত্র্য সাধন করিবার জন্যই স্থলবিশেষে হারমণি কাজে লাগে। এবং নিপুণভাবে প্রয়োগ করিতে পারিলে এই উপায়ে সঙ্গীতানুরাগী ব্যক্তি সুফল লাভ করিতে পারিবেন বলিয়া আমাদের বিশ্বাস। এই সংখ্যায় প্রদত্ত সামান্য দৃষ্টান্তে যদি কাহারও স্বরসংযোগশাস্ত্রের প্রতি মনোযোগ জন্মায়; এবং আমাদের দেশের সঙ্গীতকে নব নব অলঙ্কারে সাজাইতে সাধ যায়, তাহা সুখের বিষয় মনে করিব।

শ্রীইন্দিরা দেবী।

রাগিণী খাম্বাজ—কাওয়ালী।

আস্থায়ী

২ ৩ ০ ১
II { র্সা -া -া -া | -া -া র্সা ণা | ণা ধা ধা পা | পা মা মা গা [
সা -া -পা -া -র্সা -া পা া পা মা মা গা সা া ধ্া া
সা ০ ০ ০ ০ ০ র স স ম মু খ প র ম ম

২ ৩ ০ ১
| মা -া -া -া | -া -া -া -া | গা মা ণা ধা | ণা পা ধা ণা } II
ম্া -া -সা -া -মা -া -সা -া সা া মা া গা া মা া
মা ০ ০ ০ ০ ০ ০ ০ স ন ক মু খ বি নু ত

অন্তরা

২ ৩ ০ ১
II { মা -া গা মা | পা া মা পা | ণা া ধা ণা | র্সা া ণা র্সা [
সা -া ধ্া া প্া া সা া গা -া মা া সা া সা া
পা ০ র র হি ত ভ ব ঘো ০ র ক লু ষ ত রু

২´ ৩ ০ ১
I র্রা -া র্সা র্সা | -া ণা ণা ধা | ধা পা মা গা | মা পা ধা ণা } II
ণা -া ধা ধা -া পা পা মা মা । সা । ধ্া । সা ।
বা ০ রি রা ০ শি প রি প তি ত ম ম স দ য়

সঞ্চারী ও আভোগ

২ ৩ ০ ১
II { পা পা পা ধা | ধা ধা ধা ধা | ণা ধা ণা ধা | ণা ধা ণা ধা I
গা গা গা মা মা মা মা মা পা মা পা মা পা মা পা মা
(১) কু টি ল ভু জ গ ব র ফ ণী কৃ ত সু র চি র
(২) ম দ ন জ ন ক ন ব ম ণি ম য় সু ল লি ত
(৩) স ক ল ভু ব ন ভ য় হ র ণ প টু চ রি ত

২´ ৩ ০ ১
I ধা পা ধা -ণা | -র্সা -ণা ধা -পা | ধা -ণা -র্সা -ণা | ধা -পা -মা । } I
মা গা মা -পা -ধা -পা মা -গা মা -পা ধা -পা -মা -সা -ধ্া ।
(১) ন ট না ০ ০ ০ দে ০ ওয়া ০ ০ ০ ০ ০ ০
(২) হা ০ রা ০ ০ ০ সৌ ০ রে ০ ০ ০ ০ ০ ০
(৩) জ্বা ০ লা ০ ০ ০ মে ০ ইয়া ০ ০ ০ ০ ০ ০

২´ ৩ ০ ১
I র্সা -া র্সা ণা | ণা ধা ধা পা | পা- ণা ধা পা | মা -া মা গা I
মা -া সা । পা মা মা গা পা -পা -মা গা সা -া সা ।
(১) গো ০ কু ল ক ল স প য়ো ০ নি ধি পূ ০ র্ণ শ
(২) ম ০ ঞ্জু ল ব চ ন বি মো ০ হি ত বি বু ধ নি
(৩) স উ স্ত ত উম্ বি হা র মে ০ মা ন সী ০ হৃ দ

২ ৩ ০ ১
I রা- মা মা -া | -া -া -া -া | -গা -মা -গা -রা | -সা -া -া -া I
ণ্া । ণ্া -া -া -া -া -া -সা -া -সা -রা -গা -া -া -া
(১) শা ০ ঙ্ক ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০
(২) কা ০ ম্না ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০

২	৩	০	১
[র্সা মা গা মা |	পা পা মা পা |	মা ণা ধা ণা |	র্সা ণা র্সা র্সা I
সা । ধ্া ।	প্া । সা ।	গা । মা ।	সা । সা ।
(১) নি টি ল ত	ট ল শী ত	মৃ গ ম দ	তি ল ক সু
(২) প দ ন ত	নি খি ল ম	নো ০ র থ	দা ০ য় ক
(৩) প্র ক ট দ	নু জ ব ল	ভে ০ দ ন	লো ০ লু প

২´	৩	০	১
I র্র্ । র্সা র্সা |	-া ণা ণা ধা |	ধা-পা মা গা |	মা পা ধা ণা II II
ণা -া ধা ধা	-া পা পা মা	মা -া সা ।	ধ্া । সা ।
(১) নী ০ ল বা	০ রি দ শ	রী ০ র ইয়া	দ্যু তি ল ক*
(২) পা ০ প জা	০ ল গি রী	কু লী শ স	র স ক র
(৩) প ০ দ্ম না	০ ভ ভু জ	গা ০ রী প	তি শ য় ণ

উল্লিখিত গানটী পাঠক পাঠিকাগণ ইচ্ছা করিলে গাহিতে বা যে কোন যন্ত্রে বাজাইতেও পারেন। যে দুই লাইনে স্বর লিখিত হইয়াছে তাহার প্রথম লাইনের স্বরগুলি মূল গানের স্বর এবং ২য় বা তাহার নীচের লাইনের স্বরগুলি মূল গানের স্বরের সঙ্গে সঙ্গে কর্ড্॥ বিগত ৩১শে শ্রাবণ সঙ্গীত সঙ্ঘের বার্ষিক অধিবেশন ও পুরস্কার বিতরণের দিন সঙ্ঘের ছাত্র ও ছাত্রীগণ কর্তৃক সেতার ও এস্রার্ যন্ত্রে দুই ভাগ একত্রে বাদিত হইয়াছিল। এই গানের স্বরলিপি লেখক—শ্রীযুত বিশ্বনাথ রাও এবং কর্ড লেখিকা—শ্রীমতী ইন্দিরা দেবী।

রাগিণী নারায়ণী—তালফের্তা। (যৎ এবং তেওরা)

কথা—শ্রীযুক্ত দ্বিজেন্দ্রনাথ ঠাকুর]　　[স্বরলিপি ও কর্ড—শ্রীমতী প্রতিভা দেবী]

	০	১ ॥	২	৩
পা -া	র্সা -া -া	র্গা -র্রা র্গা -া	র্মা -া র্গা	র্রা -া -র্সা র্সা
* গা -া	II { পা -া -া |	না -ধা না -া I	র্সা -া না |	ধা । পা পা |
সা -া	গা -া -া	পা -মা পা -া	ধা -া পা	মা । গা গা
ভ ০	জ ০ ০	রে ০ ০ ০	ভ ০ জ	রে ০ ০ ০

০	১	২´	৩
না -া ধা	পা -া পা -মা	গা -া -া	-া -া -া -া
* [ম্রা । গা |	গা -রা গা -রা I	সা -া -া |	(। । গা ।) } |
রা । সা	সা -ন্া সা ন্া	প্া -া -া	। । । ।
ভু ০ ব	খ ০ গু ০		

৩ ০ ১ ২´ ৩
-া -া র্সা -া ন্না -া -া ধা -প ধা -া র্সা -া র্রা র্গা -া -া -া
* | -া -া সা -া | { ন্া -া -া | ধ্া -প্া ধ্া -া I সা -া রা | গা -া -া -া
-া -া প্া -া মা -া -া গা রা গা -া পা -া ধা র্সা -া -া -া
০ ০ ভ ০ জ ০ ০ রে ০ ০ ০ বি ০ ০ শ্ব ০ ০ ০

০ ১ ২ ৩
র্সা -া না না ধা র্রা -র্সা র্সা -া -া -া -া -া -া
* | সা -া ন্া | ন্া ধ্া রা -সা I সা -া -া | (-া -া সা -া) } |
পা -া মা মা গা পা গা গা -া -া -া -া সা -া
জ ০ ন ব ন্ দ ০ নে ০ ০ ০ ০ ভ ০

৩
-া -া -া -া
* | -া -া সা -া II
-া -া গা -া
০ ০ "ভ ০"

১ ২ ৩ ১´ ২ ৩
* II { গা গা গা | পা -া | পা পা I ধা ধা ধা | ধা -না | প্লা পা |
সা সা সা গা -া গা গা মা মা মা মা -পা গা গা
জ গ ত র ০ ঞ্জ ন ভ ক ত চি ০ ত্ত বি

১ ২ ৩ ১´ ২ ৩ ১
* I ধা -া ধা | র্রা -া | -া -া I র্সা -া র্গা | রা -া | -র্সা -া I না -া পা
মা -া মা ধা -া -া -া পা -া র্সা পা -া -পা -া পা -া গা

২ ৩ ১´ ২ ৩ ১´
* | ধা -া | -া -া I ধা -া না | পা -া | -া -া I না না পা |
মা -া -া -া মা -া পা গা -া গা -া পা পা গা
নে ০ ০ ০ তা ০ র ণে ০ ০ ০ প্র ণ ত

২ ৩ ১´ ২ ৩ ২´
* | ধা না | পা -া I গা -া পা | গা পা | ধা না I সা -া না |
মা পা গা -া সা -া গা সা গা মা পা পা -া মা
জ ন সৌ ০ ভা ০ গ্য জ ন নে ০ ভ ০ জ

৩ ০ ১ ২।
* | ধপা -া -া -া | মা -া গা | গা -রা গা -রা I রসা -া -া |
গা -া -া -া রা -া সা সা -পা সা -না পা -া -া
রে ০ ০ ০ ভ ০ ব খ ০ গু ০ নে ০ ০

৩
* | -া -া গা -া II
-া -া -া -া
০ ০ "ভ ০"

০ ১ ২ ৩
* II -া -া -া | { গা -া পা -া I ধা -া -া | গা -া ধা -া |
-া -া -া সা -া গা -া মা -া -া পা -া মা -া
০ ০ ০ শু ০ দ্ধ ০ স ০ ০ ত্য ০ জ্যো ০

০ ১ ২ ৩
* | পা -া -া | মা -গা রা -গা I পা -া -মা | পা -া -া -া |
গা -া -া রা -সা না -সা গা -া রা গা -া -া -া
তি ০ র ম ০ য় ০ জ্ঞা ০ ০ নে ০ ০ ০

০ ১ ২´ ৩ ০
মাননীয়া শ্রীযুক্তা লেডী হার্ডিংগ মহোদয়ার অকাল মৃত্যু সংবাদে আমরা বিশেষভাবে শোক প্রকাশ করিতেছি। তিনি সঙ্গীত সঙ্ঘের পেট্রনেস্ ছিলেন। যে সকল গুণাবলীতে রমণীগণ অলঙ্কৃত, তিনি সেই সমস্ত গুণেরই অধিকারিণী ছিলেন। তাঁহার সহৃদয়তা, সৌজন্য, সাহসিকতা ও সৎকর্ম্ম শিক্ষিত ব্যক্তি মাত্রেই অবগত আছেন। তাঁহার ন্যায় লোক-হিতৈষিণী উদারহৃদয়া রমণী খুব কমই দেখা যায়। তিনি ভারতবর্ষের উন্নতিকল্পে সকল বিষয়েই যত্নবতী ছিলেন। তাঁহার মৃত্যুতে ভারতবর্ষ একজন প্রকৃত বন্ধু হারাইল।

তিনি সঙ্গীতশাস্ত্রে বিশেষ অনুরাগিণী ছিলেন, ও বেহালা-যন্ত্র অতি সুন্দর বাজাইতে পারিতেন। সঙ্গীত-সঙ্ঘ যে সময়ে প্রতিষ্ঠিত হয় সেই সময়ে তাঁহার সম্বর্দ্ধনার্থ বাল্মীকি-প্রতিভার অভিনয় করা হইয়াছিল। তাহাতে বহুলোকের সমাবেশ হইয়াছিল। তিনি তদ্দর্শনে অতিশয় আহ্লাদিতা হইয়াছিলেন। তিনি দূরে থাকিয়াও আমাদের পত্রাদি লিখিয়া উৎসাহ বর্দ্ধন করিতেন, আমরা তাঁহার সেই উৎসাহ হারাইয়াছি। সঙ্গীত-সঙ্ঘ তাঁহার ন্যায় পৃষ্ঠপোষক হারাইয়া অঙ্গহীন হইয়া পড়িল। জানিনা তাঁহার অভাব আর পূর্ণ হইবে কি না।

শান্তিদাতা পরমেশ্বর তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গকে শান্তি প্রদান করুন এবং তাঁহার পরলোকগত আত্মার কল্যাণ করুন।

তাঁহার সম্বন্ধে বিস্তারিত বিবরণ স্থানান্তরে প্রকাশিত হইল।

গবর্ণরজেনারল মহোদয়কে সঙ্গীত-সঙ্ঘের পক্ষ হইতে নিম্নলিখিত টেলিগ্রাম পাঠান হইয়াছিল:—

To P. S. V. Simla.

From Honorary Secretaries, *47. Old Ballygunge.*

The Sangita Sangha of
which Her Excellency was
Patroness beg you kindly
to convey to His
Excellency their deep sorrow
and respectful sympathy they
mourn with the country
the loss of one
who was universally loved and
admired as one of the
noblest examples of womanhood.

তাহার এই উত্তর পাওয়া গিয়াছে—

O YH Simla 14 State 31.

Hony. Secretaries Sangit Sangha Old Ballygunge Calcutta, His Excellency sends you and the members of your Association his best thanks for your kind message of sympathy.

P. S. V.

শোক সংবাদ।

রাজা স্যর সৌরীন্দ্রমোহন ঠাকুর।

রাজা সৌরীন্দ্রমোহন ঠাকুরের মৃত্যুতে আমরা বিশেষভাবে শোকপ্রকাশ করিতেছি। তিনি সঙ্গীতসঙ্ঘের সভাপতি ছিলেন; এবং যদিও জরা ও রোগের আক্রমণে অনেকদিন যাবৎ অক্ষম গৃহরুদ্ধ অবস্থায় কাটাইতে বাধ্য হইয়া ছিলেন, তবুও তাঁহার নাম সংশ্লিষ্ট থাকাই সঙ্ঘের পক্ষে গৌরবের কারণ ছিল। সে গৌরব আমরা হারাইয়াছি, এবং তাঁহার সমকক্ষ এমন লোক একালে দেখিতে পাই না যিনি সে স্থান অধিকার করিয়া আমাদের অভাব পূর্ণ করিতে পারেন।

তাঁহার ন্যায় সঙ্গীতজ্ঞ সঙ্গীতভক্ত ও গুণী লোক শুধু এদেশে কেন, সব দেশে সব কালেই দুর্লভ। আমরা যে ক্ষেত্রে শিক্ষানবীশ মাত্র, তিনি সে ক্ষেত্রে আদিগুরু ছিলেন বলিলে অত্যুক্তি হয় না। অর্থাৎ সঙ্গীত পুস্তক, সঙ্গীত বিদ্যালয় এবং স্বরলিপি প্রভৃতি যে সকল উপায়ে আজকাল ক্ষীণপ্রাণ হিন্দু সঙ্গীতের বলাধানের চেষ্টা করা হইতেছে, তিনিই সে সকল প্রণালীর উদ্ভবকর্ত্তা ও প্রথম পৃষ্ঠপোষক। আমাদের এই প্রধান দুঃখ যে তিনি সুস্থশরীরে আরও দীর্ঘজীবন লাভ করিয়া আমাদের নূতন প্রতিষ্ঠাণকে মানুষ করিয়া যাইতে পারিলেন না। কিন্তু ইহার অস্তিত্বই তাঁহার সাফল্যের অন্যতম পরিচয়। এবং তিনি যে পথ দেখাইয়াছেন সেই পথ উদ্যম এবং অধ্যবসায়সহকারে চলিবার যাত্রীর অভাব না হউক, ইহাই আমাদের প্রার্থনা। মানুষ চলিয়া যায় সকলেই, কিন্তু যাহার নাম ও কাজ থাকিয়া যায় তাহারই জীবন সার্থক। যতদিন হিন্দুসঙ্গীতের চর্চ্চা এদেশে থাকিবে, ততদিন সৌরীন্দ্রমোহন ঠাকুরের নাম কেহ ভুলিবে না। তিনি নানা দেশ হইতে নানা খেতাবে ভূষিত হইয়াছিলেন, কিন্তু সরস্বতীর বরপুত্র বলিয়াই তিনি স্বদেশে স্বনামধন্য হইয়া থাকিবেন। শুধু জীবিতকালে নয়, মৃত্যুকালেও তাঁহার সঙ্গীত ভক্তি কিরূপ অচলা ছিল তাহার একটি নিদর্শন এই যে, তাঁহার অনুরোধক্রমে প্রিয় সেতারটি তাঁহার সহিত সহমরণে গিয়াছিল।

ধনীর সন্তান হইয়া, তিনি যে কেবলমাত্র ভোগসুখে জীবন যাপন না করিয়া হিন্দুসঙ্গীতের উন্নতির জন্য কত পরিশ্রম, চেষ্টা ও যত্ন করিয়াছেন তাহার সংক্ষিপ্ত বিবরণ বারান্তরে দিবার ইচ্ছা রহিল।

নিবেদন।

কার্য্যাধ্যক্ষ শ্রীযুক্ত ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী মহাশয়ের শারীরিক অসুস্থতা নিবন্ধন এবার পত্রিকা বাহির হইতে অত্যন্ত বিলম্ব হইল, আশা করি পাঠক পাঠিকাগণ ত্রুটি মার্জ্জনা করিয়া বাধিত করিবেন। ইতি—

বিনীত—
শ্রীদেবেন্দ্রকিশোর ভট্টাচার্য্য,
সহকারী কার্য্যাধ্যক্ষ।

(প্রাপ্ত)

সৌরীন্দ্র-তিরোধান।

জগতে সব যায়, থাকে শুধু অক্ষয় নাম ও অমর কীর্ত্তি। কাল যাহা বর্ত্তমান ছিল, আজ তাহা অতীত-সাক্ষী ইতিহাসের অঙ্কগত। ইহাই বিধি। গুণ-গরিমা-বিভূতিবিমণ্ডিত ভাস্বর কীর্ত্তিলেখায় যাঁহার জীবনকালের মধ্যাহ্ন-ভাস্কর সমুজ্জ্বল বর্ণচিত্রে প্রতিফলিত হইয়াছিল, আজ তিনি কোথায়, কোন সুদূর অজানিত পন্থায় প্রয়ান করিয়াছেন? মুক্তিনিদান বুঝি তাঁর সাধনায় প্রীত হইয়া মুক্তি বিধান করিলেন। কিছুই যখন চিরস্থায়ী নয়, তখন অতি অন্তরঙ্গ আত্মীয়ের বিয়োগে ব্যথার যে অভিব্যক্তি ফুটিয়া উঠে, কালে তাহা ক্ষীণ রেখায় ক্রমে লীন হয়; তবে, আবার তাহা যখন অতীতের পর্য্যায়ে পর্য্যবসিত হয়, তখন থাকে শুধু কীর্ত্তি-মেখলা আর তাহার গৌরব-স্মৃতি-সম্বল; সেই সম্ভারে দিগন্ত উদ্ভাসিত করিয়া, হৃদয়ের রম্যকুঞ্জ মুখরিত করিয়া স্ফুট ও অস্ফুট কলগীতির অমিয় মধুর সঙ্গীতের তান উত্থিত হইলে, তখন মনোমদ ধ্বনির উৎপত্তি হয় আর সেই ধ্বনির প্রতিধ্বনি অনন্ত বিথারে পরিব্যাপ্ত হইয়া পড়ে।

রাজা সার সৌরীন্দ্রমোহনের কীর্ত্তিকাহিনী বিশ্ব বিশ্রুত, দিকে দিকে উচ্ছ্বসিত। অক্ষম লেখনী ভাষার গণ্ডীমধ্যে আবদ্ধ থাকিয়া মনের কথা প্রকাশ করিতে পারে না।

আজন্ম সঙ্গীত সাধনায় তিনি সাধ্যাতীত সিদ্ধি লাভ করিয়া যে বিপুল সম্মান লাভ করিয়াছিলেন তাহা এক জীবনে অসম্ভব বলিলেও অত্যুক্তি হয় না। তাঁর কথা কত বলিব, সঙ্গীতের বিজ্ঞান সম্মত শাস্ত্রগ্রন্থ প্রকাশে তিনি তাঁর ব্যক্তিত্বকে সার্ব্বজনিকত্বের মধ্যে বিতরণ করিয়া অমর কীর্ত্তি স্থাপন করিয়া গিয়াছেন, সেই তড়িৎ শক্তির প্ররোচনায় অভিভূত হইয়া পড়িয়া পুংখানুপুংখ ভাবে সূক্ষ্মরূপে তাঁর প্রকাশিত সঙ্গীতের গ্রন্থনিচয় অনুশীলন ও সাধনার কথা তুলনা করিলে, তাঁকে সঙ্গীতাচার্য্যের শীর্ষস্থান প্রদান করিতে কুণ্ঠা বা লজ্জা আসে না এবং তখন বুঝিতে পারি যে তিনি সঙ্গীতের বিশিষ্ঠাদ্বৈতবাদী ছিলেন। সঙ্গীতের মনস্তত্ত্ব বিধির অনুসন্ধান করিয়া আপেক্ষিক ও অনাপেক্ষিক সমগ্র বিজ্ঞানের সামঞ্জস্য বিধান সাধন করিয়া গিয়াছেন, এক তিনি; তার একমাত্র কারণ তিনি কক্ষভ্রষ্ট হন নাই, সুতরাং তাঁহার লক্ষ্য ভ্রষ্ট হয় নাই। সূর্য্য এক রাশিতে যত দিন থাকেন ততদিনে যে মাস হয় তাকে সৌরমাস বলে। সৌরীন্দ্রমোহন তাঁর জীবনের সারা বেলা একই সাধনায় বাপৃত ছিলেন বলিয়া সৌরীন্দ্র-সঙ্গীত-যুগের প্রবর্ত্তন তিনিই করিয়া ছিলেন, সে যুগের সৌরীন্দ্রদীপ্তিচ্ছটায় উদ্ভাসিত আলোকের সহায়ে তদানীন্তন অনেকেই প্রতিষ্ঠা লাভ করিয়া ধন্য হইয়াছিলেন।

ভারতের প্রায় অধিকাংশ দরবারে ঘুরিয়া আসিয়া, আজ প্রায় ৮ বৎসর হইল কলিকাতায় আসিয়াছি। মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুরের মহা-প্রয়ানে, বাংলা যে রত্ন হারাইয়াছে, তাহার আর পূরণ হইবে না। একাধারে সমজদার, গুণী, বিদ্বান, কবি ও সর্ব্ববিষয়ে সমান বিচারক, তত্ত্বনির্ণায়ক এবং সর্ব্বোপরি অমায়িক স্বভাববিশিষ্ট, প্রবীণ, বিজ্ঞ, মহানুভব ব্যক্তি আর বোধ হয় দেখিতে পাইব না। এখানে আসিয়া তাঁহারই দরবারে আমার প্রথম চাকুরী হয় এবং সেই খানেই সার রাজা সৌরীন্দ্রমোহনের সহিত প্রথম আলাপ হয়, সেই দিনই বুঝিয়াছিলাম, "ছোট রাজার" মত সঙ্গীতজ্ঞ বাংলায় এমনকি সমগ্র ভারতে বুঝি আর নাই, বা হইবেনা। তাঁহার কাছে গিয়া যে আনন্দ পাইতাম, তাঁহার সহিত কথা কহিয়া, তাঁহাকে শুনাইয়া মনের যে তৃপ্তি হইত বুঝি তাহা আর হইবে না।

সঙ্গীতের একনিষ্ঠ ও অদ্বিতীয় সাধক বর্ণমাতৃকার চরণে প্রাণ ভরিয়া অর্ঘ ও পুষ্পাঞ্জলী দিয়া গিয়াছেন; তাঁর অমর আত্মা অমরলোকে চির-বিরাজমান থাকুন।

এ, কে, কোকব।

বসন্ত—সুরফাঁক্তা।

স্বরশিক্ষক—শ্রীযুক্ত বিশ্বনাথ রাও। স্বরলিপি—শ্রীযুক্ত অনিলচন্দ্র দাস।

আস্থায়ী।

১´ ০ ২ ৩ ০ ‖ ১´ ০ ২
ধা II র্সা -া | -া র্সা | না -ধা | না ধা | মা গা I মা -ধা | না র্সা | ঋা -র্সা |
ব স • • ন্ত আ • গ ত ভ য়ে আ • জু স খি •

৩ ০ ১´ ০ ২ ৩ ০ ১´ ০
| র্সা -া | -া -া I জ্ঞা ধা | না র্সা | র্সা র্সা | না -ধা | না ধা | মা গা | মা মা |
রি • • • ব র ণ ব র ণ কো • ম ল দ ল কু সু

২ ৩ ০ ১´ ০ ২ ৩ ০
| মা মা | মা -জ্ঞা | গা -া I গা ঋা | সা মা | -া মা | মা মা | জ্ঞা গা |
ম বি কা • শে • অ তি অ নু • প ম নো হ র

১´ ০ ২ ৩ ০
I র্সা -া | র্সা র্সা | না -া | -ধা মা | -া ধা II
কো • য়ে লা বো • • লে • "ব"

অন্তরা।

১´ ০ ২ ৩ ০ ১´ ০ ২
II জ্ঞা ধা | না র্সা | র্সা র্সা | ঋা -া | র্সা র্সা I র্সা র্সা | না ঋা | না ঋা |
চ ল ত প ব ন শী • ত ল ম ধু ক র দ ল

৩ ০ ১´ ০ ২ ৩ ০ ১´
| না -ধা | না -া I র্সা র্গা | র্গা র্সা | -র্গা র্গা | র্মা র্গা | ঋা র্সা I র্সা -না |
গু • ঞ্জে • ত্রি পু র না • থ নি র খ ত ফা •

০ ২ ৩ ০
| র্সা র্গা | ঋা র্সা | না -ধা | মা ধা II
গু ন দি ন প্যা ঃ রি "ব"

সঞ্চারী।

১´ ০ ২ ৩ ০ ১´ ০ ২ ৩
II সা -া | সা মা | -া মা | মা মা | -া মা I মা মা | মা মা | মা মা | মা মা |
ফু • লি বে • লি ব কু • লি আ ও র কে ত কী গু লা

০ ১´ ০ ২ ৩ ০ ১ ০
|-হ্মা গা I হ্মা গা | হ্মা -ধা | না র্সা | -া র্সা | -া -া I র্সা র্সা | -া র্সা |
০ ব আ র টেঁ ০ সু কে ০ সু ০ ০ ক দ ০ ম্ব

২ ৩ ০ ১´ ০ ২ ৩ ০
| না -ধা | ধা -া | ধা ধা I ধা -না | না -ধা | -া -া | মা -া | -া -া I
চ ০ ম্পা ০ ক চু লা ০ লে ০ ০ ০ ০ ০ ০ ০

আভোগ।

১´ ০ ২ ৩ ০ ১´ ০ ২
I মা ধা | র্সা -া | র্সা র্সা | র্সা র্সা | র্সা র্সা I ধা -র্সা | র্সা র্সা | না ধা |
র হে না ০ চ ত বি র হি ণী যৌ ০ ব ন দু খ

৩ ০ ১´ ০ ২ ৩ ০ ১´ ০
| ধা -না | না -ধা I র্সা -া | র্সা র্গা | -া র্গা | র্ঋা -া | র্সা র্সা I র্সা র্সা | র্সা র্সা |
সা ০ রে ০ তা ০ ল মা ০ ন গা ০ ও ত সু র তা ল

২ ৩ ০
| র্সা র্সা | না -ধা | ধা ধা II
র চ হ ০ রি "ব"

বাল্মীকি প্রতিভার গান।*

প্রথম দৃশ্য।

রাগিণী বেলাবতী—তাল ঠুংরি।

তবে আয় সবে আয়, তবে আয় সবে আয়,
তবে ঢাল সুরা, ঢাল সুরা, ঢাল্ ঢাল্ ঢাল্!
দয়া মায়া কোন্ ছার, ছারখার হোক্!
কেবা কাঁদে কার তরে হাঃ হাঃ হাঃ!
তবে আন্ তলোয়ার, আন্ আন্ তলোয়ার,
তবে আন্ বরষা, আন্ আন্ দেখি ঢাল্!

১ম দস্যু।—আগে পেটে কিছু ঢাল, পরে পিঠে নিবি ঢাল,
হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ হাঃ!
হাঃ হাঃ হাঃ হাঃ, হাঃ হাঃ হাঃ!

* বাল্মীকি প্রতিভার গান ধারাবাহিক রূপে প্রতি সংখ্যায় প্রকাশিত হইবে।

কথা ও সুর— শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর। স্বরলিপি—শ্রীমতী প্রতিভা দেবী।

১ ২´ ৩ ০ ১ ২´ ৩ ০ ১
। গা মা II পা -া । পা পা । পা া । গা মা I পা -া । পা পা । পা -া । পা পা I
ত বে আয়্ ॰ স বে আয়্ ॰ ত বে আয়্ ॰ স বে আয়্ ॰ ত বে

২´ ৩ ০ ১ ২´ ৩ ০ ১ ২´ ৩
I র্সা -া । পা পা । র্সা -া । পা পা I পা -া । পা -া । পা -া । -া -া I গা মা । পা পা ।
ঢাল্ ॰ সু রা ঢাল্ ॰ সু রা ঢাল্ ঢাল্ ॰ ঢাল্ ॰ ॰ ॰ দ য়া মা য়া

০ ১ ২´ ৩ ০ ১ ২´ ৩ ০
। ধা পা । মা -গা I পা -া । পা -া । র্সা -া । র্সা র্রা I র্গা -র্রা । র্সা -না । র্রা র্সা ।
কো ন্ ছার্ ॰ ছার্ ॰ খার্ ॰ হোক্ ॰ কে বা কাঁ ॰ দে ॰ কা র্

১ ২´ ৩ ০ ১ ২´ ৩ ০ ২´
। না ধা I পা -া । পা -া । গা -া । গা মা I পা -া । পা পা । র্সা -া I পা -া ।
ত রে হাঃ ॰ হাঃ ॰ হাঃ ॰ ত বে আন্ ॰ ত লো য়ার্ ॰ আন্ ॰

৩ ০ ১ ২´ ৩ ০ ১ ২´
I পা -া । পা পা । পা -া । পা পা I র্সা -া । পা পা । র্সা -া । র্সা -র্রা I র্গা -া ।
আন্ ॰ ত লো য়ার্ ॰ ত বে আন্ ॰ ব র ষা ॰ আন্ ॰ আন্ ॰

৩ ০ ১ ২´ ৩ ০ ১ ২´ ৩
। পা পা । পা -া । গা মা I পা পা । পা পা । পা -া । গা মা I পা পা । পা পা ।
দে খি ঢাল্ ॰ আ গে পে টে কি ছু ঢাল্ ॰ প রে পি ঠে নি বি

০ ১ ২´ ৩ ০ ১ ২´ ৩ ০
। র্সা -া । র্সা র্রা I র্গা র্রা । র্সা না । র্রা র্সা । না ধা I পা -া । পা -া । গা -া II
ঢাল্ ॰ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ হাঃ ॰ হাঃ ॰ হাঃ ॰

খাম্বাজ—চৌতাল।

তে রো রি নয়না বান বোহ্ হরধনুক,
চন্দ্র বদন পর ঝলকত মোহত মন।
অরুন বরণ অধর দন্ত কুন্দন বাহার দেত,
শোহে অয়সী শির পর বেণী নাগ কে ফণী।
শ্রবণ কুণ্ডল নাক বেসর কণ্ঠমাল ভুজ মৃণাল,
কেন্দ্র উত্তঙ্গ নাভি ভ্রমর পহরে নীল শাড়ী।
কোটি কিঙ্কিনী কদলি খম্ভ জঙ্ঘ চরণ কনক নূপুর,
চলত চাল গতি মরাল শ্রাম নাম তরে।

স্বরলিপি—শ্রীমতী মোহিনী সেন গুপ্তা।

আস্থায়ী।

০ ৩ ৪ ১´ ০ ২ ০ ৩
II মা -া | -া গা | -সা রা | গা -া | গা গা | -মা রা I রা -গা | সা ণ্‌া |
তে • • রো • রি ন য় না বা • ন বোহ্‌ • হর র্ধ

৪ ১´ ০ ২ ০ ৩ ৪ ১´
| ধ্‌া প্‌া | ধ্‌া -সা | রা গা | গা গা I মা গা | -া মা | গা মপা | পা -ধা |
মু ক চ • ন্দ্র ব দ ন প র • ঝ ল কত মো •

০ ২
| মা গা | -মরা গসা II
হ ত • • ম ন

অন্তরা।

১´ ০ ২ ০ ৩ ৪ ১´ ০
II রা গা | সা রা | গা গা | মা পা | ধা মা | -া গা I মা -গা | মা পা |
অ রু ন ব র ণ অ ধ র দ • স্তু কু • ন্দ ন

২ ০ ৩ ৪ ১´ ০ ২ ০
| -া পা | পা -ধা | মা গা | -া গা I মা -ধা | ধা ধা | ণা ধা | পা পা |
• বা হা • র দে • ত শো • হে অ য় সী শি র

৩ ৪ ১´ ০ ২
| ধা মা | গা গা I রা -পা | মা গা | -মরা গসা II
প র বে ণী না • গ কে • • ফণী

সঞ্চারী।

১ ০ ২ ০ ৩ ৪ ১ ০
II না না | না ধা | -র্সা ধধা | ধা -না | ধা পা | -া মগা I সা মা | মা গা |
শ্র ব ণ কু • গুল না • ক বে • সর ক ন্‌ ঠ মা

২ ০ ৩ ৪ ১´ ০ ২ ০
| -পা মা | গা রা | সা ণ্‌া | -ধ্‌া প্‌া I সা -া | সা সা | সা রা | সা -ণ্‌া |
• ল ভু জ মৃ ণা • ল কে • ন্দ্র উ ত ঙ্গ না •

৩ ৪ ১´ ০ ২ ০ ৩ ৪
| সধ্‌া ধ্‌া | প্‌া প্‌া I প্‌া ধ্‌া | সা রা | -গা গা | মা -া | -া পা | -া -া I
ভি ভ্র ম র প হ রে নী • ল শা • • ড়ী • •

আভোগ।

১´ ০ ২ ০ ৩ ৪ ১´ ০
I রা -গা | সা রা | গা গা | মা পা | ধা মা | -া গা I মা -া | গা মা |
কো ০ টি কি ঙ্কি নী ক দ লি খ ০ ন্ত জ ঙ্ ঘ চ

২ ০ ৩ ৪ ১´ ০ ২ ০
| পা পা | পা পা | ধা মা | গা গা I মা ধা | ধা পা | -া ধা | পা পা |
র ণ ক ণ ক নু পু র চ ল ত চা ০ ল গ তি

৩ ৪ ১´ ০ ২
| ধা মা | -া গা I রা -পা | মা গা | মরা গসা II
ম রা ০ ল শ্বা ০ ম না ম০ ভরে

———০———

ভূপালী—সুরফাঁকতাল।

সুর শিক্ষক—শ্রীযুক্ত বিশ্বনাথ রাও।

স্বরলিপি—শ্রীমতী অশোকা দেবী।

আস্থায়ী।

১´ ০ ২ ৩ ০ ১´ ০ ২
II গা -া | গা -রা | ধা পা | গা -া | গা -রা I গা পা | ধা র্সা | পা -ধা |
সা ০ ধে ০ সু র সা ০ ধে ০ সু র সু র লো ০

৩ ০
| পা গা | সা রা II
ক দে ব্ তা

অন্তরা।

১´ ০ ২ ৩ ০ ১´ ০ ২
II গা -া | পা ধা | ধা র্সধা | -র্সা র্সা | -া র্সা I ধা -া | র্সা র্রা | র্গা র্রা |
ও ০ ড় ব এ হি ০ ০ রা ০ গ স ০ ঙ্গী ত য ত

৩ ০ ১´ ০ ২ ৩ ০ ১´
| র্সা ধা | -পা গরা I সা রা | গা পা | ধা র্সা | ধা পা | গা রা I সা -া |
প্র মা ০ ন০ সা রে গা পা ধা সা ধা পা গা রে সা ০

০ ২ ৩ ০
| র্গা র্রর্সা | র্রা র্সধা | পা গপা | গা -সরা II II
উ ল ট প ল ট সু র ণ কি ০০

———০———

ভূপালী—তেতালা।

আস্থায়ী।

সুর শিক্ষক—শ্রীযুক্ত বিশ্বনাথ রাও।　　স্বরলিপি—শ্রীমতী অশোকা দেবী।

২´ ৩ ০ ১
II গা -া -া পা | গা রা -া রা | -া সা -া রসা | ধ্া প্া ধ্া ধ্া |

২´ ৩ ০ ১
I সা -া -া সা | -া রা গা পা | গাঃ ধঃ পা গপা | গা রমাঃ রঃ সরা II

অন্তরা।

২´ ৩ ০ ১
II পা -া -া ধা | ধা পা গা রা | গা -া -া গা | ধা পা গা রা |

২´ ৩ ০
I গা গধা পা ধর্সা | ধা পধা পা গরা | গপা ধর্সা ধপা র্সধা |

১ ২´ ৩ ০
| পগা ধপা গরা সরা I পা পা ধপা গা | গা পগা রা রা | গরা সা সা রসা |

১ ২´ ৩ ০
| রা গরা গা পগা I পা ধপা ধা র্সধা | র্সা র্রর্সা র্রা র্গা | র্রর্সা র্রর্সা ধা র্সধা |

১
| পা গপা গরা সরা II

শুদ্ধিপত্র।

বৈশাখ সংখ্যা।

পৃষ্ঠা	পংক্তি	ভ্রম	শুদ্ধ
১৬১	১৪	| পধা -পা | র্সা পা |	| নধা -া | র্সা না |

বর্ত্তমান সংখ্যা।

পৃষ্ঠা	পংক্তি	ভ্রম	শুদ্ধ
১৭৪	১১	৩ ০ ১ ২´ ৩ র্সা -া -া | পা -া ধা | ধা -রা -া | -া -া -া | -া -া -া নে ০ ০ সব ০ খা ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০	৩ | ধা -রা -া | নে ০ ০

সঙ্গীত শিক্ষার সুযোগ।

সঙ্গীত-সঙ্ঘ।

১৮।১নং লান্সডাউন রোড্, বালিগঞ্জ, কলিকাতা।

নিম্নলিখিত খ্যাতনামা সঙ্গীতবিশারদগণ যথারীতি বৈজ্ঞানিক প্রণালীতে কণ্ঠসঙ্গীত ও যন্ত্র-বাদন শিক্ষা দিয়া থাকেন।

পণ্ডিত শ্রীযুক্ত বিশ্বনাথ রাও—(কণ্ঠসঙ্গীত)। প্রফেসর এ, কে, কৌকব খাঁ—(যন্ত্রবাদন)।

প্রফেসর শ্রীযুক্ত শ্যামসুন্দর মিশ্র—(কণ্ঠসঙ্গীত ও যন্ত্রবাদন)। শ্রীযুক্ত গঙ্গাগিরি—(যন্ত্রবাদন)।

শ্রীযুক্ত ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী—(কণ্ঠসঙ্গীত)। প্রফেসর ইমদাদ্ খাঁ (যন্ত্রবাদন)।

প্রতি মঙ্গলবার, শুক্রবার ও রবিবার অপরাহ্ন ৪টা হইতে বালকবালিকা ও মহিলাদিগকে শিক্ষা দেওয়া হয়। শ্রীযুক্তা প্রতিভা দেবী, শ্রীযুক্তা ইন্দিরা দেবী, শ্রীযুক্তা হিরণ্ময়ী দেবী, শ্রীযুক্তা প্রজ্ঞাসুন্দরী দেবী ও শ্রীযুক্তা প্রিয়ম্বদা দেবী শিক্ষার্থিনীদের তত্ত্বাবধান করিয়া থাকেন।

প্রতি মঙ্গলবার ও রবিবার অপরাহ্ন ৬টা হইতে পুরুষদিগকে শিক্ষা দেওয়া হয়।

সঙ্গীত বিদ্যালয়ের বেতন। (১৯১৪ সনের এপ্রিল মাস হইতে)

উচ্চ বিভাগ		নিম্ন বিভাগ	
সাধারণ শ্রেণী ঃ— প্রবেশিকা	১৲	সাধারণ শ্রেণী ঃ— প্রবেশিকা	১৲
সপ্তাহে দুই দিন গান অথবা বাজনা মাসিক	২৲	সপ্তাহে দুই দিন গান অথবা বাজনা মাসিক	২৲
" গান এবং বাজনা "	৪৲	" গান এবং বাজনা "	৩৲
বিশেষ শ্রেণী ঃ— প্রবেশিকা	২৲	বিশেষ শ্রেণী ঃ— প্রবেশিকা	১৲
সপ্তাহে দুই দিন গান অথবা বাজনা মাসিক	৪৲	সপ্তাহে দুই দিন গান অথবা বাজনা মাসিক	৪৲
" গান এবং বাজনা "	৮৲	" গান এবং বাজনা "	৬৲
স্বতন্ত্র শিক্ষা ঃ— প্রবেশিকা (একলার)	২৲	স্বতন্ত্র শিক্ষা ঃ— প্রবেশিকা (একলার)	২৲
সপ্তাহে দুই দিন গান অথবা বাজনা মাসিক	৮৲	সপ্তাহে দুই দিন গান অথবা বাজনা মাসিক	৬৲
" গান এবং বাজনা "	১৬৲	" গান এবং বাজনা "	১০৲

সম্প্রতি ৮৪।১ নং বহুবাজার ষ্ট্রীটে সঙ্গীত সঙ্ঘের একটী শাখা খোলা হইয়াছে। প্রতি সোমবার ও বুধবার সন্ধ্যা ৬॥ ঘটিকা হইতে শ্রীযুক্ত বিশ্বনাথ রাও মহাশয় পুরুষদিগকে কণ্ঠসঙ্গীত শিক্ষা দিয়া থাকেন। সেতার ও এস্রাজের শ্রেণীও সত্বর খোলা হইবে। বালকবালিকা ও মহিলা-বিভাগ এখনও খোলা হয় নাই। শিক্ষার্থীগণ সম্পাদকের নিকট আবেদন করুন।

অন্যান্য জ্ঞাতব্য বিষয় "সম্পাদক, সঙ্গীত সঙ্ঘ, ১৮।১ লান্সডাউন রোড্, বালিগঞ্জ, কলিকাতা" এই [illegible] পারিবেন।

আনন্দ-সঙ্গীত পত্রিকা।

সঙ্গীত বিষয়িণী মাসিক পত্রিকা।

প্রথম বর্ষ। | আষাঢ়, ১৩২১। | ১২শ সংখ্যা।

আকারমাত্রিক স্বরলিপি-পদ্ধতির সংক্ষিপ্ত ব্যাখ্যা।

১। স র গ ম প ধ ন=সপ্তক। খাদ সপ্তকের চিহ্ন, সুরের নীচে হসন্ত, এবং উচ্চ সপ্তকের চিহ্ন, সুরের মাথায় রেফ্।

২। কোমল র=ঋ; কোমল গ=জ্ঞ; কড়ি ম=হ্ম; কোমল ধ=দ; কোমল ন=ণ।

৩। তাল বিভাগের চিহ্ন, পার্শ্বে এক একটী দাঁড়ি। ১, ২´, ৩, ০ ইত্যাদি তালি ও ফাঁকের অঙ্ক। যে অঙ্কের মাথায় রেফ্ তাহাই সম্।

৪। তালের একফেরা হইয়া গেলে দাঁড়ির স্থলে "আই" এই ইংরাজী অক্ষরটী বসে; আরম্ভ ও শেষে দুই "আই" বসে।

৫। একমাত্রা=।। অর্দ্ধমাত্রা=ঃ। দুইটী অর্দ্ধমাত্রা, যথা 'সরা'। চারিটী সিকিমাত্রা, যথা "সরগমা"। দুইটী সিকিমাত্রা, যথা সরঃ। একটী অর্দ্ধমাত্রা ও দুইটী সিকিমাত্রা মিলিয়া একমাত্রা, যথা সঃ গরঃ। একটী দেড়মাত্রা ও একটী অর্দ্ধমাত্রা মিলিয়া দুই মাত্রা, যথা রাঃ গঃ।

৬। কোন আসল সুরের পূর্ব্বে যদি কোন নিমেষকালস্থায়ী আনুষঙ্গিক সুর একটু ছুঁইয়া যায় মাত্র, তাহা হইলে সেই সুরটী ক্ষুদ্র অক্ষরে আসল সুরের বাম পার্শ্বে লিখিত হয়। যথা, সরা — গরা। মীড়ের স্থলে প্রায়ই এইরূপ স্পর্শমাত্রিক সুর লাগিয়া থাকে। আসল সুরের পরে কখন কখন অন্য সুরের ঈষৎ রেশ লাগে; তখন ঐ সুর ক্ষুদ্র অক্ষরে দক্ষিণপার্শ্বে লিখিত হয়, যথা রাস।

৭। বিরামের চিহ্ন ও মাত্রাসমূহের চিহ্ন একই। হাইফেন্-বর্জ্জিত হইলে, এবং স্বরাক্ষরের গায়ে সংলগ্ন না থাকিলেই সেই মাত্রা বিরামের মাত্রা বলিয়া জানিবে। সুরের ক্ষণিক নিস্তব্ধতাকে বিরাম বলে।

৮। অবসানের চিহ্ন, শিরোদেশে যুগল দাঁড়ি। হয় এইখানে একেবারে থামিবে; নয় এইখানে থামিয়া গানের অন্য কলি ধরিবে।

৯। পুনরাবৃত্তি অর্থাৎ আস্থায়ীতে প্রত্যাবর্ত্তনের চিহ্নস্বরূপ দুইটী করিয়া "আই" বসে। কোন কলির শেষে II এই যুগল আই দেখিলেই আস্থায়ীর যেখানে এইরূপ যুগল আই আছে সেইখান হইতে আবার আরম্ভ করিবে।

১০। পৌনরুক্তির চিহ্ন, এই { } গুম্ফ বন্ধনী; এবং পৌনরুক্তিকালে কতকগুলি সুর বাদ দিয়া যাইবার চিহ্ন, এই ( ) বক্র বন্ধনী, যথা { সা রা গা (মা পা) ধা না }

১১। পুনরাবৃত্তি ও পৌনরুক্তিকালে কোন সুরের পরিবর্ত্তন হইলে, শিরোদেশে ব্রাকেটের মধ্যে পরিবর্ত্তিত সুরগুলি স্থাপিত হয়। যথা,

[রা গা মা]
সা রা গা।

স্বর্গীয় রাজা স্যর শৌরীন্দ্রমোহন ঠাকুর সম্বন্ধে কয়েকটী কথা।

বিগত ২৭শে জুন স্বর্গীয় রাজা শৌরীন্দ্রমোহন ঠাকুরের মৃত্যু উপলক্ষে, শোক প্রকাশার্থে ১৮।১ নং লান্সডাউন রোড, সঙ্গীত সঙ্ঘ-গৃহে একটী সভা আহ্বান করা হইয়াছিল। তাহাতে ত্রিপুরার বড় ঠাকুর বাহাদুর মহোদয় সভাপতির আসন গ্রহণ করেন। সভাস্থলে শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায় সঙ্ঘের হইয়া দুঃখ প্রকাশ করতঃ একটী প্রস্তাব উপস্থিত করেন, তাহা নাটোরের মহারাজ বাহাদুর ও শ্রীযুক্ত প্রমথনাথ চৌধুরী সমর্থন করেন। সর্ব্বসম্মতিক্রমে সেই প্রস্তাব গৃহীত হয়। শ্রীযুক্ত বড় ঠাকুর বাহাদুর তাঁহার স্মৃতিরক্ষার জন্য সঙ্গীত-সঙ্ঘ গৃহে একটী ছবি রাখিবার, ও তাঁহার নামে একটী বার্ষিক বৃত্তি কিম্বা পদক দিবার প্রস্তাব করেন। তাহা সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হয়।

তাঁহার সম্বন্ধে আমার যে সব কথা মনে পড়ে তাহা অল্পের ভিতর কিছু আজ বলিতে ইচ্ছা করি। আমার বয়স যখন ছয় সাত বৎসর, রাজা বাহাদুর ও তাঁহার স্বর্গীয় ভ্রাতা মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর মহাশয় আমাদের যোড়াসাঁকোর বাড়ীতে প্রায়ই আসিতেন। তখন আমার পিতা স্বর্গীয় হেমেন্দ্র নাথ ঠাকুর জীবিত ছিলেন। তাঁহারা দুজনেই গান বাজনা অত্যন্ত ভালবাসিতেন। আমাদের হলের ঘরে তাঁহারা বসিলে আমাকে মধ্যে মধ্যে ডাকিয়া পাঠাইতেন। তখনকার কালে মেয়েদের গান গাহিবার বা বাজাইবার প্রথা ছিল না। কেহ সাহস করিয়া বাড়ীর কোন মেয়েদের গান শিখাইতেন না। মেয়েরা গান গাহিবে কি বাজাইবে, ইহা তখন ভয়ঙ্কর ব্যাপার ছিল। আমার পিতা সকল বাধা অতিক্রম করিয়া আমাকে গান বাজনা শিখাইতে আরম্ভ করিয়াছিলেন। তিনি বলিতেন, তিনি ভাল কাজ করিতেছেন তাহার জন্য কাহারও নিন্দায় ভ্রূক্ষেপ করা উচিত নহে। আমি অল্পসল্প কিছু গান শিখিলে, আমাকে সকলের মধ্যে আনিয়া, আমার গান সকলকে শুনাইতেন। আমিও যেটুকু জানিতাম পিতার আজ্ঞানুক্রমে গাহিতাম। রাজা শৌরীন্দ্রমোহন ও মহারাজা সেইজন্য আমাকে বড় ভালবাসিতেন। তাঁহারা আমাকে উৎসাহ দান করিতেন, ও পিতৃদেবকে ভাল করিয়া গান শিখাইবার জন্য যত্ন করিতে বলিতেন। তখনকার কালে বিষ্ণুচন্দ্র চক্রবর্ত্তী যোড়াসাঁকোর বাড়ীর গায়ক ছিলেন। তাঁহার নিকট ছোট ছোট খেয়াল শিখিয়া গাহিতাম; আর বাবু রামপ্রসাদ মিশ্রের নিকট সেতার শিখিতাম। আমাদের বাড়ীতে তখন বিদ্বজ্জন সমাগম হইত। রাজা শৌরীন্দ্র মোহন ঠাকুর ও অন্যান্য অনেক সঙ্গীতজ্ঞ লোক ও পণ্ডিতের সমাগম হইত। সেই সময়ে আমার ও আমার ভাই হিতেন্দ্রের পলাইবার যো ছিল না। বড় বড় ওস্তাদের সম্মুখে আমাদিগকে গাহিতেই হইত। ভাল মন্দ যাহা পারি তাহাই গাহিতাম। পিতাঠাকুর উপস্থিত থাকিতেন, তাঁহার সাহসের উপর নির্ভর করিয়া, যাহা শিখিয়াছিলাম তাহাই নির্ভয়ে গাহিতাম। দুইবার বিদ্বজ্জন সমাগমে আমি সদারঙ্গের চতুরঙ্গ খেয়াল গাহিয়া শৌরীন্দ্রমোহন ঠাকুরের নিকট হইতে পুরস্কার পাইয়াছিলাম। ৺কৃষ্ণধন গোস্বামীর সেতার-শিক্ষা, আর তাঁহার নিজের প্রকাশিত রাগরাগিণী সংক্রান্ত সচিত্র একখানি পুস্তক পাইয়াছিলাম। তখন মাঘোৎসবের সময় আমাদের বাড়ীতে খুব ধুমধাম হইত। এ-বাড়ীর ও-বাড়ীর সকল আত্মীয় স্বজনও সেই সভায় আসিতেন। সেই সময়ও আমায় গান গাহিতে হইত। মনে পড়ে রাজা বাহাদুর সেই সময়ে উপস্থিত থাকিতেন, ও আমাকে গান ভাল করিয়া শিখিবার জন্য উৎসাহিত করিতেন। আমার ঠাকুর দাদা মহাশয় ৺মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্ম হওয়াতে, আমাদের সঙ্গে, এ বাড়ীর ও-বাড়ীর আত্মীয় স্বজনদের মধ্যে যাওয়া আসা ক্রমে বন্ধ হইয়া যাইতেছিল। আমরা যেন একঘরে হইয়া পড়িয়াছিলাম। তবুও আমাদের বাড়ীতে গানবাজনা, সকল রকম বিদ্যার চর্চ্চা, ও ধর্ম্মের চর্চ্চা এত বেশী হইত যে, যাঁহারা এ সব বিষয়ে উৎসাহী ছিলেন, ইহারই আকর্ষণে আকৃষ্ট হইয়া আমাদের বাড়ীর সকলের সহিত বন্ধুত্ব রাখিতে ছাড়িতেন না। সেইজন্য দলাদলি হইলেও, গান, বাজনা, অভিনয় প্রভৃতি বিশুদ্ধ আমোদের মিলনে ও বিদ্যার চর্চ্চায় ইঁহারা সকলেই যোগ দিতেন। জ্যোতি কাকা মহাশয়ের বাজনার সঙ্গে রবিকাকার গান, বড় পিসামহাশয় স্বর্গীয় সারদাপ্রসাদ গঙ্গোপাধ্যায় এবং বলা বাহুল্য গায়ক

বিষ্ণুচন্দ্র চক্রবর্ত্তী, ইঁহাদের গান শুনিয়া সকলেই কি যে মোহিত হইতেন, তাহা বলিতে পারি না। আমাদের বাড়ীর সকলকে ধর্ম্মের জন্য একঘরে করিলেও, গান বাজনার আনন্দে সকলে দলাদলি ভুলিয়া এক হইয়া এ কাজে যোগ দিতেন এবং আনন্দ করিতেন।

শ্রীপ্রতিভা দেবী।

রাগিণী পিলু—ঝাঁপতাল।

কথা ও সুর পুণ্ডরীকাক্ষ মুখোপাধ্যায়

স্বরলিপি—শ্রীযুক্ত ব্রজেন্দ্রলাল গাঙ্গুলী।

২´ ৩ ০ ১ ২´ ৩
II ণ্‌া সা। গা -া গা। মা মা। মগা পমা -গমা I গমা -পদা। মগা -া মা।
জী ব ন ০ ব ল্ল ভ তু০ মি০ ০০ দী০ ০০ ন০ ০ শ

০ ১ ২´ ৩ ০ ১
। পা -দা। পা -া -া I পা -দা। ণা -র্সা র্সা। ণা দা। পা মা -গা।
র ০ ণ ০ ০ প্রা ০ ণে ০ র প্রা ণ তু মি ০

২´ ৩ ০ ১
I মগা -া। মগা -গমপদা পমা। গা -ঋা। সা -া -ঋা II
প্রা ০ ণ০ ০০০০ র০ ম ০ ণ ০ ০

২´ ৩ ০ ১ ২´ ৩ ০ ১
[পা পা]
II { মা মা। মা -া মা। পা ণা। র্সা র্সা -া I র্সা ঋ্যা। র্সা -ঋা ণা। ণর্সঋা -র্সা। ণা দা -া }।
(১) স দা ন ০ ন্দ শি ব তু মি ০ শং ক র ০ শো ভ০০ ০ ন ০ ০
(২) ভ বা র্ণ ০ ব পা র হে তু ০ তু মি হে ০ কা ণ্ডা০০ ০ রী ০ ০
(৩) তু মি না ০ থ প্রা ণ মো ০ র তু মি আ ০ মার প্রা০০ ০ ণ ০ ০
(৪) তো মা র ০ প্র সা দে প্র ভু ০ এ জী ব ০ ন ধ০০ ০ রি ০ ০

২´ ৩ ০ ১ ২´ ৩ ০ ১
I { পা -দা। ণা -র্সা র্সা। ণা দা। পা মা -গা I মগা গা। মগা গমপদা -পমা। গা -ঋা। সা -া -ঋা } II
(১) সু ০ ন্দ ০ র যো গী জ ন ০ চি ত্ত বি০ মো০০০ ০০ হ ০ ন ০ ০
(২) দু ০ র্দ্দ ০ ম পা প তা ০ প শোক ভ০ য়০০০ ০০ হা ০ রী ০ ০
(৩) তু মি হে ০ দ য়া র ঠা কু র ক রু ণা০ ০০০০ নি ধা ০ ন ০ ০
(৪) জ য় জ ০ য় কৃ পা ম ০ য় ম হি মা০ ০০০০ তো মা ০ রি ০ ০

ইমন্‌কল্যাণ—চৌতাল।

স্বরলিপি—শ্রীচন্দ্রনাথ রায়, ঢাকা।

আস্থায়ী।

১´ ০ ২ ০ ৩ ৪ ১´
II র্সা -া | ধা -পা | পা পা | পা পক্ষা | -পা ধক্ষা | -পা পা I পা -া |
বং ০ শী ০ ধ র পি না০ ক ধ০ ০ র গ ০

০ ২ ০ ৩ ৪ ১´ ০ ২
| রা -গরা | গা মা | গা -া | রা রন্‌া | -রসা সা I ন্‌া সা | -া রা | -া গা |
ঙ্গা ০০ ধ র গি ০ রি ধ০ ০০ র জ টা ০ ধ ০ র

০ ৩ ৪ ১´ ০ ২ ০
| ক্ষা ক্ষা | ক্ষা পা | -পপা পা I না -ধা | না না | র্সা র্সা | না -ধা |
মু কু ট [illegible] ০র বি রা ০ জ ত হ রি হ ০

৩ ৪
| -পা ক্ষগা | -ক্ষা -পা II
০ র০ ০ ০

অন্তরা।

১´ ০ ২ ০ ৩ ৪ ১ ০
II পা -া | ধপা ধপা | র্সা র্সা | র্সা -া | র্সা র্রনা | -র্সা র্সা I র্সা র্রর্সা | র্রা র্রা |
চ ০ ন্দ০ ন০ ধ র ভ ০ স্ম ধ০ ০ র পী তা০ ম্ব র

২ ০ ৩ ৪ ১´ ০ ২ ০
| র্গা র্মা | র্গা র্রা | -া র্রনা | -র্রর্সা র্সা I না -ধা | পা রা | -া গা | ক্ষা পা |
মৃ গ চ র্ম্মা ০ ম্ব০ ০০ র চ ০ ক্র ধ ০ র ত্রি শূ

৩ ৪ ১´ ০ ২ ০ ৩ ৪
| পা ধা | -র্সা র্সা I না ধা | র্সা র্রা | -া র্সা | না -ধা | -পা ক্ষগা | -ক্ষা -পা II
ল ধ ০ র হ রি হ র ০ শ ঙ্ক ০ ০ র০ ০ ০

সঞ্চারী ও আভোগ।

১´ ০ ২ ০ ৩ ৪ ১´
II পা পা | -া ক্ষগা | -ক্ষগা ক্ষপা | না -ধপা | পা ধক্ষা | -পা পা I পা পা |
সু ধা ০ ধ০ ০০ র০ বি ০০ ষ ধ০ ০ র গ রু

০ ২ ০ ৩ ৪ ১´ ০ ২
| রা -গরা | গা মা | গা গা | রা রন্‌া | -রসা সা I ন্‌া -ধ্‌া | -প্‌া ধ্‌া | -সা সা |
ড়া ০০ স ন বৃ ষ বা হ০ ০০ ন মা ০ ০ ধ ০ ব

০ ৩ ৪ ১´ ০ ২ ০
| সা সা | সন্‌া -রসা | সা সা I সা রসা | -রা -গরা | -গা -মা | -গা -রা |
প র মে০ ০০ শ্ব র ঈ শ্ব০ ০ ০০ ০ ০ ০ ০

৩ ৪ ১´ ০ ২ ০ ৩
| -রন্া -রা | -সা সা I পা ধপা | -ধপা র্সা | -া র্সা | র্সা -া | র্সা র্রনা |
০০ ০ ০ র ক হে ০০ মি ০ শ্রা তা ০ ন সে০

৪ ১ ০ ২ ০ ৩ ৪ ১´
| -র্সা র্সা I র্সা র্রর্সা | -র্রা র্রা | -া র্গর্মা | র্গা -া | র্রা র্রনা | -র্রর্সা র্সা I না -ধা |
০ ন তু ম০ ০ দো ০ স্ব০ রু ০ প এ০ ০০ ক দী ০

০ ২ ০ ৩ ৪ ১´ ০ ২
| পা -া | রা গা | হ্মা -পা | পা ধা | -র্সা র্সা I না না | -ধা ধা | র্সা র্সা |
জে ০ রু পা ক ০ র শি ০ র প র ০ অ ভ য়

০ ৩ ৪
| না -ধা | -পা হ্মগা | -হ্মা -পা II
ক ০ ০ র০ ০ ০

তানসেন।

মোগলের দরবারে আকবর প্রবীণ
রাজ-রাজেশ্বর আজি সুখে সমাসীন।
সম্মুখে সিদ্ধ সাধক আউলিয়া পীর,
অগণ্য রাজন্যবৃন্দ বসি সুগম্ভীর।
কত না চলেছে আজি বাদনের ঘটা—
রবাব মৃদঙ্গ বীণ সেতার সারঙ্গ।
উঠিছে মধুর ধ্বনি— খেলিছে তরঙ্গ,
ঝলমলে কিবা মণি মাণিক্যের ছটা!
ঘিরিয়া অমাত্য মন্ত্রী—মহা মজলিষ—
দিল্লীশ্বরে সকলেই ঢালে শুভাশীষ।
কিবা সে প্রাসাদ হর্ম্ম্য!— চন্দ্রাতপ-তলে
দেখে নাই সভা হেন কেহ মহীতলে।
সভা মাঝে শুনি সবে আনন্দে ভাসেন—
পঞ্চমে উঠিছে কণ্ঠ—গাহে তানসেন!

শ্রীঋতেন্দ্রনাথ ঠাকুর।

তানসেন।

আমি সুপ্রসিদ্ধ সুবিখ্যাত গায়ক তানসেন সম্বন্ধে কিছু লিখিতে উদ্যত হইলাম। যাঁহারা সঙ্গীতজ্ঞ, তাঁহারা সকলেই তানসেন সম্বন্ধে অল্পবিস্তর কিছু না কিছু জানেন। যাঁহারা সঙ্গীতে পারদর্শী, তাঁহাদের নিকট আমার এই ক্ষুদ্র লেখার ক্ষুদ্র ইতিহাসে বিশেষ কিছু ফল দর্শিবে না। কেননা তাঁহারা ইহা অপেক্ষা তানসেন সম্বন্ধে অনেক বলিতে পারেন।

তবে আমি যতটুকু জানি তাহা এই পত্রিকার পোষণের জন্য লিখিতেছি। ইহাতে কোনরূপ ক্রটী থাকিলে মার্জ্জনা করিবেন।

তানসেন ভারতের অদ্বিতীয় গায়ক বলিলেও হয়। আবুল ফজল লিখিয়াছেন সহস্র বৎসরের মধ্যে এরূপ গায়ক আর দেখা যায় নাই। তিনি হিন্দুসন্তান ছিলেন। হিন্দুসন্তান মাত্রেই ইহা দ্বারা যৎকিঞ্চিৎ গৌরব প্রকাশ করিতে পারে যে তিনি গায়কদের মধ্যে প্রধান স্থান পাইয়াছিলেন। তিনি মুসলমান ধর্ম্ম গ্রহণ না করিয়াও কেন যে মুসলমান নামধারী হইয়াছিলেন, তাহা এই ক্ষুদ্র জীবনীতে প্রকাশ পাইবে।

তানসেনের পিতার নাম মকরন্দ। তিনি গৌড় ব্রাহ্মণ ছিলেন। তাঁহার জন্মস্থান মালোয়া। তানসেনের পিতার বহুদিন পর্য্যন্ত কোন সন্তানাদি হয় নাই। পণ্ডিত মকরন্দ নিঃসন্তান থাকিবেন, এই চিন্তায় বড়ই দুঃখিত অন্তরে কালযাপন করিতেন। কিছুকাল পরে তিনি গোয়ালিয়রে আসিলেন। সেখানে শেখ মহম্মদ গাউস্ নামক এক ফকিরের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। পণ্ডিত মকরন্দ সেই ফকিরকে বলিলেন যে তাঁহার সন্তানাদি না হওয়াতে তাঁহার মন অত্যন্ত দুঃখ-কাতর; যেন তাঁহার আশীর্ব্বাদে ও ভগবানের দয়ায় একটী পুত্রসন্তান লাভ করেন। ফকির বলিলেন, আচ্ছা তাহাই হইবে, তোমার একটী পুত্রসন্তান হইবে। ইহা শুনিয়া পণ্ডিত মকরন্দ আনন্দমনে গৃহে প্রত্যাগমন করিলেন। ইহার একবৎসর পরে তাঁহার একটী পুত্রসন্তান জন্মগ্রহণ করিল। পুত্রের নাম রাখিলেন তন্নু পাঁড়ে। পুত্রের পাঁচ বৎসর বয়ঃক্রম হইলে, সেই ফকিরের নিকট লইয়া গেলেন এবং বলিলেন, এই বালক সঙ্গীত বিদ্যায় যাহাতে পারদর্শী হয়, ইহাই আমার প্রার্থনা। ফকির তাম্বুল চর্ব্বণ করিতেছিলেন; আদর করিয়া মুখের তাম্বুল বাহির করিয়া ছেলের মুখে দিলেন। পণ্ডিত ফকিরকে বলিলেন আপনি কি করিলেন! ছেলেটীকে আপনার মুখের পান খাওয়াইলেন! আমি হিন্দু ব্রাহ্মণ! আপনি মুসলমান! আপনার মুখের পান ইহাকে খাওয়াইলেন; ইহার ধর্ম্মনষ্ট হইয়া গিয়াছে। হায়! ছেলেটী যে আমার আর রহিল না। এই পুত্রে আমার আর কি দরকার? ফকির বলিলেন ভাল! ছেলেটীকে আমার নিকট রাখিয়া যান; ভগবান আপনাকে আর একটী পুত্র দিবেন। শেখ মহম্মদ গাউস্ ফকির, তন্নু পাঁড়ে নামের পরিবর্ত্তে ছেলেটীর নাম গোলাম গাউস্ রাখিলেন। তের বৎসর বয়স পর্য্যন্ত ছেলেটী তাঁহার নিকট রহিল। গোলাম গাউসের তের বৎসর বয়ঃক্রমকালে ফকিরের মৃত্যু হইল। পৃথিবীতে ছেলেটীর আর যেন কেহই রহিল না। যখন ইহার মন বড় উদাস হইত, তখন সুর করিয়া "আ, ই," বলিয়া দুঃখের সুরে, গুরুর কবরের উপর বসিয়া গানের ভাণ করিত। পূর্ব্বে গান কখন শিক্ষা করে নাই, গান করিতেও জানিত না। এই সময়ে গোয়ালিয়রে একজন গায়ক ছিলেন। তিনি একদিন ঐ পথ দিয়া যাইতে যাইতে বালকের ঐ রকম উদাস ভাবে আ, ই, উচ্চারণ শুনিয়া বুঝিতে পারিলেন যে, বালকের কণ্ঠস্বর অতিশয় সুশ্রাব্য ও সুমধুর। তিনি বালককে গান শিখাইতে চাহিলেন। বালকটীও গান শিখিতে স্বীকৃত হইল, এবং গান শিক্ষা আরম্ভ করিল। তাহার গানের ক্ষমতা এমনই ছিল যে, একদিনে দুই তিনটী গান শিক্ষা করিয়া ফেলিত।

তিন চারি মাস পরে গায়ক বালককে বলিলেন বাপু! আমার যাহা বিদ্যা ছিল তাহা শেষ হইয়াছে। আমি আমার বিদ্যা তোমায় দান করিয়াছি; তোমাকে শিখাইবার আমার আর কিছু নাই। তোমার বেশী শিখিবার ইচ্ছা থাকিলে, আমার গুরুর নিকট যাইয়া শিক্ষা করিও। গুরুর নাম জিজ্ঞাসা করায় বলিলেন তাঁহার গুরুর নাম নায়ক বকসু। তিনি বিজাপুরে থাকেন। তানসেনের আদি লীলাক্ষেত্র গোয়ালিয়র। এখনও বহু দূর দেশ হইতে অনেক গায়ক ও নর্ত্তকী সেই স্থান দর্শন করিতে গিয়া থাকে।

বিজাপুর গোয়ালিয়রের দক্ষিণে। সে সময়ে রেলপথ ছিল না, পদব্রজে পথভ্রমণ তখনকার কালে বড়ই ক্লেশকর ছিল। চারিমাস পরে গোলাম গাউস্ অর্থাৎ তন্নু পাঁড়ে বিজাপুরে পৌছিলেন। সহরে যাইয়া গুরুর নাম ধাম জানিয়া, তাঁহার বাটীতে যাইয়া, নাম ধরিয়া ডাকিতে লাগিলেন। বাড়ীর ভিতর হইতে উত্তর পাইলেন কে যেন বলিতেছে

যে, আজ আট দিন হইল তাঁহার মৃত্যু হইয়াছে। ইহা শুনিয়া বালক দরজায় বসিয়া কাঁদিতে লাগিল। হায়! এত ক্লেশ করিয়া এত দূর দেশে আসিলাম; কিন্তু আসিয়া শুনিলাম গুরুজী মারা গেছেন। আমার কি দশা হইবে! পৃথিবীতে আমার আর কেহ রহিল না। নিজে মনে এইরূপ চিন্তা করিতে করিতে দুঃখ করিতে লাগিলেন ও কাঁদিতে লাগিলেন। বালকের ক্রন্দন শুনিয়া বাড়ীর ভিতর হইতে একটী পনর ষোল বৎসরের বালিকা বাহির হইয়া বলিল, তোমার কান্না শুনিয়া থাকিতে পারিলাম না; আমার মনে বড় আঘাত লাগিতেছে। যাঁহার জন্য তুমি এত কষ্ট করিয়া আসিয়াছ তিনি আমার পিতা। তুমি কি কার্য্যের জন্য এত কষ্ট করিয়া তাঁহার নিকট আসিয়াছ? বালক বলিল আমি আপনার পিতার নিকট গান শিক্ষা করিবার অভিপ্রায়ে আসিয়াছি। বালিকা বলিল তুমি যখন আমার পিতাকে গুরু বলিয়াছ তখন তুমি আমার গুরুভাই। তুমি যে আশা করিয়া আসিয়াছ তাহা তো পূর্ণ হইবে না। তাঁহার তো মৃত্যু হইয়াছে। তবে আমি তোমাকে সে বিষয় কিছু সাহায্য করিতে পারি। তুমি গান গাহিলে, গানের কোথায় ভুল হইতেছে, কোথায় ঠিক হইতেছে, এইটুকু আমি বলিয়া দিতে পারিব। বালক শুনিয়া বলিল আচ্ছা, বেশ, ইহাতেই আমার ক্লেশ লাঘব হইবে।

(ক্রমশঃ)

শ্রীপ্রতিভা দেবী।

তানসেনের গান।

ধানশ্রী—চৌতাল।

স্বরলিপি—শ্রীপ্রতিভা দেবী।

০ ৩ ৪ ১´ ০ ২ ০
I । পা । -া মা । -পজ্ঞমা -জ্ঞমপমা II পা -া । পা পা । -া পা । পা -ণণা ।
০ এ ০ স ০ ০ ০ ০ ০ ০ থি ন ০ ন্দ কো ০ কু মা ০ ০

৩ ৪ ১´ ০ ২ ০
। পা মা । -জ্ঞমজ্ঞা মা I পনা না । নর্সা -নর্সর্রা । র্রর্সনা -দপা । পদা মপা ।
র বা ০ ০ ০ লা প০ ন মে০ ০ ০ ০ মে০ ০ ০ মে০ রো০

৩ ৪ ১ ০ ২ ০
। -মজ্ঞমজ্ঞা জ্ঞপা । পমা -পা I পমা -পা । মজ্ঞা রসা । সা -া । -া পা ।
০ ০ ০ ০ ম ০ ন ০ হ ০ র ০ লি নো ০ ০ এ

৩ ৪ ১´ ০ ২ ০
। -া জ্ঞা । -মা -জ্ঞমপমা II পা -া । -মপা -া । মজ্ঞা -মজ্ঞমা । পা -না ।
০ স ০ ০ ০ ০ থি জিয়া ০ ০ ০ আ০ ০ কু লা ০

৩ ৪ ১´ ০ ২ ০ ৩
। না না । র্সা র্সা I না না । র্সা র্সা । র্র্সা -না । র্সনর্সা -নর্সজ্ঞা । র্রর্সা র্র্সা ।
ত আ ও র ন য় ন ন সোঁ ০ নী০ ০ ০ ০ র০ ব

৪ ১´ ০ ২ ০ ৩ ৪
| র্র্সা -নদপা I পা -দা | পমা -পা | মজ্ঞমজ্ঞা মা | পা -না | -া না | -র্সা র্সা |
হে ০০০ মে ০ রে ০ জা০০০ ন পেয়া ০ ০ রে ০ কো

১ ০ ২ ০ ৩ ৪
| র্সা র্র্সা | -না না | -দা -পপা | ণা -দণা | পা মপা | -জ্ঞমা -জ্ঞমপমা II
অ তি ০ ভু ০ ০খ দি ০ নো স০ ০০ ০০০খি

১´ ০ ২ ০ ৩ ৪ ১´ ০
I পা -া | পা পা | -মপা পা | পা -মপা | ণণা পা | -মপা পা I পমা -পা | জ্ঞা জ্ঞা |
সা ০ ম রো ০ স লো ০ নো০ কা ০০ ন বা ০ ট রো

২ ০ ৩ ৪ ১´ ০ ২
| -পমা পা | পমপা -জ্ঞমজ্ঞা | রসা সা | সা -ন্‌া I -া সন্‌া | -সা মা | -জ্ঞমা পজ্ঞা |
০ কে ঠা০ ০০০ ড়ো০ ভ য়ো ০ ০ মো০ ০ কো ০ বো০

০ ৩ ৪ ১´ ০ ২ ০ ৩
| জ্ঞা -রা | রসা সা | -ন্‌সা সা I ণ্‌া সা | জ্ঞা মা | পা -া | পা পা | -ণণা পা |
লা ০ য়ে০ পা ০০ স অ ধ র ন কো ০ র স ০০ লি

৪ ১´ ০ ২ ০ ৩
| পমপা -জ্ঞমজ্ঞমা I পা পা | পা পা | পমপা -জ্ঞমা | পা ননা | না না |
নো০ ০০০০ ন য় ন ন সোঁ০ ০০ ন য়ন মি লা

৪ ১´ ০ ২ ০ ৩ ৪
| র্সা র্সা | র্সা র্সা | -নর্সা র্র্সা | -না না | নর্সা -নর্সর্জ্ঞর্র্সা | র্র্সা র্র্সা | -নদা পপা |
০ য় গ লে ০ সোঁ ০ গ লে০ ০০০০০ ল গা ০০ য়

১´ ০ ২ ০ ৩ ৪ ১´
I পমা -পা | পা মজ্ঞা | -মজ্ঞা মা | পনা না | না না | -র্সা র্সা I র্সা -নর্সা |
তা০ ০ ন সে০ ০০ ন বং শী বা জা ০ য় যা ০

০ ২ ০ ৩ ৪
| র্র্সা -না | না -দপা | ণণা -পা | পা পমা | -পজ্ঞমা -জ্ঞমপমা II
ভু ০ সোঁ ০০ কি০ ০ নো স০ ০০০ ০০০থি

বাল্মীকি প্রতিভার গান।*

প্রথম দৃশ্য।—(দস্যুগণ সকলে)

মিশ্র ভূপালী—তালফেরতা (একতালা ও কাওয়ালি)

কথা ও সুর—শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর।　　　　স্বরলিপি—শ্রীপ্রতিভা দেবী।

একতালা।

২´ ৩ ০ ১ ২´ ৩
II পা পা -া | ধা পা -া | রা গা -া | রা সা -া I -া গা মা | পা -া -া |
কা লী ০ কা লী ০ ব ল ০ রে আজ ০ ০ ব ল হো ০ ০

০ ১ ২´ ৩ ০ ১
| ধা -া -া | পা -া -া I -া গা মা | পা -া -া | ধা -া -া | পা -া -া |
হো ০ ০ হো ০ ০ ০ ব ল হো ০ ০ হো ০ ০ হো ০ ০

২´ ৩ ০ ১ ২´ ৩
I -া সা রা | গা -া -া | পা পা -া | ধা পা -া I রা গা -া | রা সা -া |
০ ব ল হো ০ ০ না মের্‌ ০ জো রে ০ সা ধি ০ ব কাজ্‌ ০

০ ১ ২´ ৩ ০ ১
| -া গা মা | পা -া -া I র্সা -া -া | না -া -া | -া পা হ্মা | পা -া -া |
০ ব ল হো ০ ০ হো ০ ০ হো ০ ০ ০ ব ল হো ০ ০

২´ ৩ ০ ১ ২´ ৩
I -া পা পা | গা -া -া | -া -া গা | মা -া মা I পা -া পা | ধা -া ধা |
০ ব ল হো ০ ০ ০ ০ ঐ ঘো ০ র ম ০ ত্ত ক ০ রে

০ ১ ২´ ৩ ০ ১
| না -া না | পা -া পা I পা -া গা | পা -া -া | -া -া পা | মা -া মা |
নৃ ০ ত্য র ০ ঙ্গ মা ০ ঝা রে ০ ০ ০ ০ ঐ ল ০ ক্ষ

২´ ৩ ০ ১ ২´ ৩
I মা -া মা | গা -া গা | রা -া রা | ধা -া ধা I পা -া হ্মা | পা -া -া |
ল ০ ক্ষ য ০ ক্ষ র ০ ক্ষ ঘে ০ রি শ্যা ০ মা রে ০ ০

০ ১ ২´ ৩ ০ ১
| া -া পা | পা -া পা I ধা -া ধা | না -া না | র্সা -া র্সা | পা -া পা |
০ ০ ঐ ল ০ ট্ট প ০ ট্ট কে ০ শ অ ০ ট্ট অ ০ ট্ট

* বাল্মীকি প্রতিভার গান ধারাবাহিক রূপে প্রতি সংখ্যায় প্রকাশিত হইবে।

২´ ৩ ০ ১ ২´ ৩
I পা -া গা | পা -া -া | -া না ধা | না -া -া I -া পা হ্মা | পা -া -া |
হা ০ সে রে ০ ০ ০ হা হা হা ০ ০ ০ হা হা হা ০ ০

০ ১
| -া -া পা | গা গা -গা I
০ ০ হা হা আ রে

কাওয়ালী।

২ ৩ ০ ১
I র্সা -া -া পা | না ধা না ধা | পা -া -া গা | সা -া ধা -া |
বল্ ০ ০ রে শ্যা মা মা য়ের্ জয় ০ ০ জয় জয় ০ জয় ০

২´ ৩ ০ ১
I পা -া -া গমা | পা -া ধা -া | পা -া -া মরা | গা -া -া গঃগঃ |
জয় ০ ০ জয় জয় ০ জয় ০ জয় ০ ০ জয় জয় ০ ০ আরে

২´ ৩ ০ ১
I র্সা -া -া পা | না ধা না ধা | পা -া -া মা | গা -া -া গঃগঃ |
বল্ ০ ০ রে শ্যা মা মা য়ের্ জয় ০ ০ জয় জয় ০ ০ আরে

২´ ৩ ০ ১
I গা -া -া মা | পা ধা না -া | ধনা র্সর্রা -া -র্সা | র্সা -া -া -া II
বল্ ০ ০ রে শ্যা মা মা ০ য়ের্ ০০ ০ ০ জয় ০ ০ ০

রাগিণী মিশ্র ভৈরবী—তাল ঠুংরি।

ধরা নাহি যায়!
নিমিষে হৃদয়ে পশি নিমিষে মিলায়!
সতত রয়েছে সাথে, আশীর্ব্বাদ লয়ে হাতে,
নয়নে স্নেহের রেখা, ক্ষমা লয়ে পায়;—
সে মূরতি ধরিবারে, মন তন্ন তন্ন করে—
ব্যাকুল হইয়া খুঁজি, অমনি লুকায়!
প্রকৃতি যাহার অঙ্গ, প্রেম যার চিরসঙ্গ,
মঙ্গল যাহার কায়ে সদা বিরাজিত;—
কেমনে ধরিবে তারে ক্ষুদ্র এই চিত!
করুণার ধারা দিয়ে অন্তর ধুইয়া লয়ে,—
সত্যের আসন যদি পাতে সত্যময়;—
তবে তো পারিব তারে মনোমাঝে আঁকিবারে,
আনন্দ বারিধিতলে ডুবিবে হৃদয়!

পরলোকগতা লেডি হার্ডিংগ।

অতীব শোকসন্তপ্ত-চিত্তে আমরা আমাদের সুযোগ্য প্রজাহিত-পরায়ণ বড়লাট বাহাদুর লর্ড হার্ডিংগের প্রিয়তমা পত্নী লেডি হার্ডিংগের শোচনীয় মৃত্যুসংবাদ পাঠকবর্গের গোচর করিতেছি। বিগত শনিবার ১১ই জুলাই অপরাহ্ণ সাড়ে চারিটার সময় লণ্ডন নগরে এই দুর্ঘটনা ঘটে।

৮ই জুলাই বুধবার অপরাহ্ণে তাঁহার শরীরে একটা অস্ত্র হয়। সে সংবাদে সিমলায় বড়লাট বাহাদুরের মন খুবই উদ্বিগ্ন হইয়াছিল। সেই জন্য সে রাত্রিতে তিনি সিমলায় "ষ্টারোডিনারে" উপস্থিত হন নাই। পরদিন বৃহস্পতিবার সংবাদ আইসে যে, অস্ত্রকার্য্য সুচারুরূপে সম্পাদিত হইয়াছে, রাত্রিতে লেডির সুনিদ্রা হইয়াছিল এবং শরীরের অন্য কোনরূপ অসুস্থতা নাই। শুক্রবার আর কোন খবর আইসে নাই। শনিবার রাত্রি যখন দেড়টা তখন কলিকাতায় এই দুঃসংবাদ আসিয়া পৌঁছে যে, শনিবার অপরাহ্ণ সাড়ে চারিটার সময় লেডি ইহধাম পরিত্যাগ করিয়াছেন।

কি আশ্চর্য্য সংঘটন! যে সময়ে লণ্ডনে লেডি হার্ডিংগের অমরাত্মা নশ্বর দেহ ছাড়িয়া দিব্যধামে গমন করিতেছেন, ঠিক সেই সময়েই বড়লাট বাহাদুরের জন্মদিনোৎসব উপলক্ষে উৎসব-ক্রিয়া ভারতের নানাস্থানে মহানন্দে সম্পাদিত হইতেছিল। লর্ড হার্ডিংগের জন্মদিন উপলক্ষে ভারতব্যাপী এই উৎসব অনুষ্ঠানের মূলীভূত কারণই তাঁহার এই প্রিয়তমা মহিষী লেডি হার্ডিংগ। এই উৎসবানুষ্ঠানের মূলে একটি ঐতিহাসিক ঘটনা নিহিত। ভারত-সম্রাট্ পঞ্চম জর্জ্জের সস্ত্রীক ভারতাগমন উপলক্ষে দিল্লীতে মহাসমারোহে যে দরবারের আয়োজন হয়, সেই দরবারক্ষেত্রে শোভাযাত্রাকালে (২৩শে ডিসেম্বর ১৯১২) কোন পাষণ্ড-দুর্বৃত্ত বড়লাট বাহাদুরের জীবননাশ উদ্দেশ্যে তাঁহাকে লক্ষ্য করিয়া একটি বোমা নিক্ষেপ করিয়াছিল। শ্রীভগবানের অনুগ্রহে, বড়লাট বাহাদুরের সুকৃতির ফলে এবং তাঁহার এই পতিপ্রাণা সাধ্বী মহিষীর পাতিব্রত্য ও আয়তির বলে, তাঁহার কৃতিত্ব, কৌশল এবং বীরনারীর উচিত ব্যবহারে এবং নিয়ত শুশ্রূষার গুণে বড়লাট বাহাদুরের প্রাণরক্ষা হয়। ঈশ্বরের এই অনুকম্পা স্মরণে রাখিবার জন্য লেডি হার্ডিংগেরই উদ্যোগে বড়লাট বাহাদুরের জন্মদিনোৎসব উপলক্ষে সমগ্র ভারতব্যাপী এই উৎসবানুষ্ঠানের সূত্রপাত হইয়াছে।

এই উৎসব দিনের নামকরণ করা হইয়াছে "children day" অর্থাৎ বালকদিগকে লইয়া আনন্দ করিবার দিন। এই দিনে ভারতের সর্ব্বত্র স্কুলের ছেলেদের ছুটী দেওয়া, তাহাদিগকে খাওয়ান এবং তাহাদের মধ্যে খেলনা ও প্রয়োজনীয় দ্রব্যাদি বিতরণ করিবার ব্যবস্থা হইয়াছে। বিশেষ লক্ষ্য পীড়িত এবং দুঃখক্লিষ্ট বালকদিগের উপর। এই উদ্দেশ্যে লেডি হার্ডিংগ স্বয়ং ভারতের নানা স্থানের হাঁসপাতাল সমূহে এবং যে সকলে অনাথা, বিধবা ও তাহাদের সন্তানগণের এবং কাণা, অন্ধ, খঞ্জ প্রভৃতি আতুরগণের সাহায্যের বন্দোবস্ত আছে সেই সকলে বিস্তর অর্থ সাহায্য দানের ব্যবস্থা করিয়া দিয়াছেন। ভারতের স্ত্রীজাতির বিবিধ কল্যাণ-কামনায় একান্ত মনঃসংযোগ করিয়া লেডি হার্ডিংগ এদেশের মহিলাকুলের বিশেষ অনুরাগ ও শ্রদ্ধার ভাজন হইয়াছিলেন। বিশেষতঃ, দিল্লীর দরবারে বড়লাট বাহাদুরের প্রাণরক্ষাকল্পে তিনি পতির শুশ্রূষাদি দ্বারা যেরূপ পাতিব্রত্য ধর্ম্মের পরিচয় দিয়াছেন, তাহাতে তাঁহার উপর সেই অনুরাগ ও শ্রদ্ধা বিশেষরূপ বদ্ধমূল হইয়াছিল। এই ব্যাপারে যথোচিত আনন্দ প্রকাশ করিয়া ভারতের রমণীগণ তাঁহাকে এক অভিনন্দন-পত্র প্রদান করেন। তাঁহার পূর্ব্ববর্ত্তিনী বড়লাট-মহিষীগণ এদেশীয় স্ত্রীগণের কল্যাণ কামনায় যে সকল অনুষ্ঠান করিয়া গিয়াছিলেন, লেডি হার্ডিংগ সে সকলগুলিরই বিশেষরূপ সমর্থন করিয়া আসিয়াছেন। অধিকন্তু, পীড়িতা স্ত্রীদিগের চিকিৎসা ও শুশ্রূষাদি বিষয়ে তিনি একটু বিশেষ যত্নই দেখাইয়া গিয়াছেন। দিল্লীতে স্ত্রীদিগের শুশ্রূষা ও চিকিৎসাদি জন্য একটি মেডিকেল কলেজের প্রতিষ্ঠাকল্পে তিনি স্বয়ং একটি অর্থভাণ্ডার সম্প্রতি উন্মুক্ত করিয়া দিয়া গিয়াছেন।

লেডি হার্ডিংগ প্রথম লর্ড এলিংটনের কন্যা। ১৮৯০ সালে লর্ড হার্ডিংগের সহিত ইঁহার বিবাহ হয়। তখন তিনি মহারাণী ভিক্টোরিয়ার শয়নপ্রকোষ্ঠের তত্বাবধায়িকা ছিলেন। লর্ড হার্ডিংগের সহিত তিনি পারস্থে এবং পরে সেণ্টপিটার্সবর্গে গমন করেন এবং এই সকল স্থানে ১৯০৪ হইতে ১৯০৬ সাল পর্য্যন্ত ব্রিটিশ-দুতের আতিথ্যে সৎকৃতা হইয়া ছিলেন। ১৯১০ সালে তিনি ভারতের বড়লাট বাহাদুরের মহিষীস্বরূপে ভারতে আগমন করেন। গত ডিসেম্বরে বড়লাট বাহাদুর বড়দিনের সময় কলিকাতায় আসিলে তিনিও সেই সঙ্গে আসিয়া উভয়ে একত্রে সেণ্টপলক্যাথিড্রালে উপাসনা করিয়াছিলেন। কলিকাতায় এই তাঁহার শেষ আগমন।

বিগত ২১শে মার্চ্চ তারিখে লেডি হার্ডিংগ "মাসিডোনিয়া" নামক ষ্টিমারে বিলাতে গমন করেন। তাঁহার বিলাত গমন বে-সরকারী ভাবে হইলেও গমন সময়ে এপোলো বন্দরে তাঁহাকে দেখিবার জন্য বিস্তর লোকের সমাগম হইয়াছিল। বড়লাট বাহাদুর সমভিব্যাহারে লেডি হার্ডিংগ এপোলো বন্দরে আসিয়া উপস্থিত হইলে বোম্বাইয়ের গবর্ণর বাহাদুর ও তাঁহার স্ত্রী লেডি উইলিংটন, সস্ত্রীক অনারেবল মিঃ ক্লার্ক, রয়াল ইণ্ডিয়ান নৌবিভাগের ডিরেক্টর বাহাদুর, ভারতের কতিপয় সর্দ্দার ও প্রধানবর্গ এবং অপরাপর বন্ধুগণ তাঁহার সাহিত সাক্ষাৎ করিতে আসিয়াছিলেন। লেডির গলায় মালা পরাইয়া দেওয়া হইলে তিনি সকলের সহিত সাদর সম্ভাষণ করিয়া বিদায় গ্রহণ করিলেন। তখন কাহারই বা ক্ষণেকের জন্যও এমন মনে হইয়াছিল যে, লেডি হার্ডিংগের এই বিদায় গ্রহণ তাঁহার চিরদিনের মত বিদায় গ্রহণ হইবে !!

লেডি হার্ডিংগের এই শোকাবহ মৃত্যুতে লেডি কর্জ্জনের মৃত্যুর কথা মনে পড়িতেছে। লেডি কর্জ্জনও লেডি হার্ডিংগের ন্যায় এই মধ্য বয়সেই ইহলোক পরিত্যাগ করিয়া গিয়াছেন।

নানাস্থানে বিভিন্ন সম্প্রদায় সমূহের মধ্যে সভাসমিতি হইয়া তাঁহার এই শোচনীয় মৃত্যুতে শোক প্রকাশ করা হইতেছে। উপাসনা গৃহ সমূহে তাঁহার আত্মার কল্যাণ কামনায় উপাসনা হইতেছে। কলিকাতা হাইকোর্টের বিচারপতি ও ব্যবহারাজীবগণ মিলিয়া শোক প্রকাশ করতঃ বড়লাট বাহাদুরের প্রতি সহানুভূতি প্রদর্শন করিয়াছেন। ১৫ই জুলাই বুধবার বিলাতে তাঁহার অন্ত্যেষ্টি উপলক্ষে কলিকাতা হাইকোর্ট বন্ধ রাখা হইয়াছিল।

লেডি হার্ডিংগ দুইটি পুত্রসন্তান ও একটী কন্যা রাখিয়া গিয়াছেন। সমগ্র ভারতবাসী তাঁহার এই শোচনীয় মৃত্যুতে তাঁহার পুত্রকন্যাগণ ও বড়লাট বাহাদুরের সহিত সমবেদনা প্রকাশ করিতেছেন। ইহাঁরা সকলে নিরাময় হইয়া দীর্ঘ-জীবন লাভ করুন এবং লেডি হার্ডিংগের অমরাত্মা অনন্তধামে অনন্তসুখ সম্ভোগ করিতে থাকুন, জগদীশ্বরের নিকট আমাদের ন্যায় সমগ্র ভারতবাসীরই এই প্রার্থনা।

সংবাদ।

১। বিগত ১২ই জুলাই রবিবার সন্ধ্যা ৭ ঘটিকার সময় ভবানীপুর সঙ্গীত সম্মিলনী গৃহে রঙ্গপুরের রাজা বাহাদুর গোপাললাল রায়ের গায়ক শ্রীযুত রামবোধ মিশ্র খেয়াল ও টপ্পা সঙ্গীত করিয়াছিলেন এবং শ্রীযুক্ত এ, পি, চাটার্জী কৌতুকাত্মক সঙ্গীত করিয়াছিলেন।

২। ১৮ই জুলাই শনিবার সঙ্গীতসঙ্ঘ-গৃহে একটী সঙ্গত সভা (concert) বসিবার কথা ছিল কিন্তু সঙ্গীত-সঙ্ঘের পেট্রনেস্ মাননীয়া শ্রীমতী লেডি হার্ডিংগএর মৃত্যু উপলক্ষে ঐ সভার অধিবেশন সম্প্রতি স্থগিত রহিল। আগামী আগষ্ট মাসের রাখী পূর্ণিমার দিন সঙ্ঘের বার্ষিক অধিবেশন হইবে।

৬১ ও ৬২ বৌবাজার ষ্ট্রীট, "কুন্তলীন প্রেসে" শ্রীপূর্ণচন্দ্র দাস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।